> বঙ্গবন্ধু আমাদের জানালেন যে সেনাবাহিনী সিদ্ধান্ত নিয়ে ফেলেছে, তারা কঠোর ব্যবস্থা নেবে।...'ইয়াহিয়া মনে করেছে যে আমাকে হত্যা করলেই সে আন্দোলন ধ্বংস করে দিতে পারবে। কিন্তু সে ভুল করছে। আমার কবরের ওপর স্বাধীন বাংলাদেশ সৃষ্টি হবে।' বঙ্গবন্ধুর আচরণে তাঁকে বরং অদৃষ্টবাদী মনে হচ্ছিল, কারণ তিনি যেন তাঁর সম্ভাব্য অকালমৃত্যুকে মেনেই নিয়েছেন। তিনি আশাবাদ ব্যক্ত করে বললেন যে নতুন প্রজন্ম এই স্বাধীনতাসংগ্রামকে এগিয়ে নেবে।...[৪৬]

ভুট্টোর সঙ্গে শেখ মুজিবের দূতিয়ালির কাজটি করছিলেন পিপিপির নেতা গোলাম মোস্তফা খার। ২৪ মার্চ রাতে মোস্তফা খার শেখ মুজিবের সঙ্গে দেখা করতে গেলে মুজিবকে খুব দুশ্চিন্তাগ্রস্ত মনে হলো। তিনি মোস্তফা খারকে বললেন, চট্টগ্রামে গোলমাল শুরু হয়ে গেছে। অবস্থা আয়ত্তের বাইরে চলে যাচ্ছে। ভুট্টোর উচিত হবে তাঁর প্রস্তাব মেনে পশ্চিম পাকিস্তানের প্রধানমন্ত্রী হওয়া এবং পূর্ব পাকিস্তানকে তাঁর (মুজিবের) হাতে ছেড়ে দেওয়া। মোস্তফা খার বললেন, তিনি এই বার্তা ভুট্টোকে পৌঁছে দেবেন। তবে ভুট্টো পাকিস্তান ভাগ করতে চাইবেন কি না তা নিয়ে তাঁর সন্দেহ আছে। সিদ্ধান্ত হলো, মোস্তফা খার ২৫ মার্চ রাতে শেখ মুজিবের বাসায় আবার আসবেন। ২৫ মার্চ রাত আটটায় মোস্তফা খারকে ধানমন্ডিতে নিয়ে যাওয়ার জন্য শেখ মুজিব একজনকে পাঠিয়েছিলেন। মোস্তফা খার তাঁকে বলেন যে যেহেতু পরিস্থিতির কোনো পরিবর্তন হয়নি, তাই সভাটি স্থগিত করা হোক। করাচি ফিরে যাওয়ার আগে তাঁরা প্রেসিডেন্টের সঙ্গে আবার দেখা করতে পারেন এবং নতুন কিছুর সম্ভাবনা দেখা দিলে তাঁরা ঢাকায় থেকে যাবেন। শেখ মুজিবের দূত মোস্তফা খারকে বলেন যে প্রেসিডেন্ট ইতিমধ্যে সন্ধ্যা সাতটায় ঢাকা ছেড়ে চলে গেছেন।[৪৭]

রাতে সেনাবাহিনীর আক্রমণ শুরু হয়। শেখ মুজিব বন্দী হন। যে কমান্ডো দলটি শেখ মুজিবকে গ্রেপ্তার করতে গিয়েছিল, তার দায়িত্বে ছিলেন লে. কর্নেল (পরবর্তী সময়ে ব্রিগেডিয়ার) জেড এ খান। তাঁর ভাষ্য অনুযায়ী, ২৩ মার্চ সন্ধ্যায় মার্শাল ল হেডকোয়ার্টারের কর্নেল আহমদের কাছ থেকে তিনি শেখ মুজিবকে পরদিন অথবা তার পরদিন গ্রেপ্তার করার নির্দেশ পান। ২৪ মার্চ বেলা ১১টায়

দৈনিক
ইত্তেফাক
এ গণহত্যা বন্ধ কর
২৭শে মার্চ সমগ্র বাংলাদেশে সর্বাত্মক হরতাল

২৫ মার্চ ১৯৭১ *ইত্তেফাক*-এর প্রথম পৃষ্ঠা। আওয়ামী লীগ ২৭ মার্চ হরতাল ডেকেছিল

মেজর জেনারেল রাও ফরমান আলী গ্রেপ্তারের আনুষ্ঠানিক নির্দেশ দেন। ২৫ মার্চ সকালে জেনারেল আবদুল হামিদ কর্নেল জেড এ খানকে স্মরণ করিয়ে দেন, শেখ মুজিবকে অবশ্যই জীবিত ধরতে হবে। কর্নেল খান তিনটি গ্রুপে তাঁর সেনাদের ভাগ করে তাদের মেজর বিলাল, ক্যাপ্টেন হুমায়ুন ও ক্যাপ্টেন সাঈদের অধীনে ন্যস্ত করেন। ২৫ মার্চ রাত সাড়ে ১০টার দিকে ক্যাপ্টেন সাঈদ শেখ মুজিবের বাড়ির আশপাশ রেকি করেন। রাত ১১টায় দলটি এয়ারফিল্ড থেকে রওনা হয়। পথে কয়েকটি ব্যারিকেড সরিয়ে তারা ধানমন্ডির বাড়িতে পৌঁছায়। অপারেশনটি কর্নেল খান বর্ণনা করেছেন এভাবে :

> নিচতলা সার্চ করা হয় কিন্তু কাউকে পাওয়া যায় না।
>
> অনুসন্ধানী দল ওপরতলায় যায়। যেসব কামরা খোলা ওখানে কাউকে পাওয়া গেল না। একটি কামরা ভেতর থেকে আটকানো। আমি ওপরতলায় গেলে একজন আমাকে বলে, বন্ধ কামরাটার ভেতর থেকে শব্দ পাওয়া যাচ্ছে। আমি মেজর বিলালকে বন্ধ কামরাটার দরজা ভেঙে ফেলতে বলে ক্যাপ্টেন সাঈদ এসেছে কি না দেখার জন্য নিচতলায় নেমে আসি।...
>
> আমি ক্যাপ্টেন সাঈদকে গাড়িগুলো কীভাবে লাইন করতে হবে, সে ব্যাপারে নির্দেশ দিচ্ছিলাম, তখন প্রথমে একটি গুলির শব্দ, তারপর গ্রেনেড বিস্ফোরণ এবং শেষে সাবমেশিনগান থেকে ব্রাশফায়ারের আওয়াজ শুনতে পাই। ভাবলাম, কেউ বুঝি শেখ মুজিবকে মেরে ফেলেছে। আমি ছুটে বাড়ির ভেতর ঢুকে ওপরতলায় গিয়ে যে ঘরটি ভেতর থেকে বন্ধ ছিল, সেটির দরজার সামনে কম্পিত অবস্থায় শেখ মুজিবকে দেখতে পাই। আমি তাঁকে আমার সঙ্গে যেতে বলি।
>
> তিনি জিজ্ঞেস করলেন, তাঁর পরিবারের কাছ থেকে বিদায় নিতে পারবেন কি না। আমি অনুমতি দিই। তিনি কামরাটার ভেতরে গেলেন। সেখানে পরিবারের সবাই আশ্রয় নিয়েছিল। তারপর দ্রুত বেরিয়ে আসেন। আমরা গাড়িগুলো যেখানে, সেদিকে হাঁটতে থাকি। ক্যাপ্টেন সাঈদ তখনো তাঁর গাড়িগুলো ঘোরাতে সক্ষম হননি। আমি ইস্টার্ন কমান্ডে একটি রেডিওবার্তা পাঠাই যে শেখ মুজিবকে ধরা গেছে।
>
> মুজিব এ সময় আমাকে বললেন, তিনি ভুলে পাইপ ফেলে এসেছেন। আমি আবার তাঁর সঙ্গে ফিরে আসি। পাইপ নিয়ে নেন তিনি। এর মধ্যে শেখ মুজিব নিশ্চিত হয়ে গেছেন, আমরা তাঁকে হত্যা করব না। তিনি বললেন, আমরা তাঁকে ডাকলেই হতো, তিনি নিজে থেকেই বেরিয়ে আসতেন। আমরা তাঁকে বলি, আমরা তাঁকে দেখাতে চেয়েছিলাম যে তাঁকে গ্রেপ্তার করা হবে। আমরা ফিরে আসতে আসতে ক্যাপ্টেন সাঈদ তাঁর গাড়িগুলো লাইন করে ফেলেন। শেখ মুজিবকে সেনাবাহিনীর গাড়িতে ওঠানো হয়। আমরা ক্যান্টনমেন্টের দিকে যাত্রা করি।

> আমি পরে জানতে পারি, মেজর বিলালকে ওপরতলায় বন্ধ রুমের দরজাটা ভাঙার জন্য বলে আমি গাড়ির অবস্থা দেখার জন্য যখন নিচে নেমে আসি, ওর সেনারা যেখানে জড়ো হয়েছিল, কেউ একজন সেদিক লক্ষ্য করে একটি পিস্তল দিয়ে গুলি করে। ভাগ্যক্রমে কেউ আঘাত পায়নি। কেউ থামানোর আগেই ওর এক সেনা বারান্দার যেদিক থেকে পিস্তলের গুলি এসেছিল, সেদিকে একটি গ্রেনেড ছুড়ে মারে। তারপর সাবমেশিনগানের শব্দে শেখ মুজিব বন্ধ কামরার ভেতর থেকে ডাক দিয়ে বলেন যে তাঁকে হত্যা করা হবে না—এই নিশ্চয়তা দেওয়া হলে তিনি বেরিয়ে আসবেন। তাঁকে নিশ্চিত করা হয়। তখন তিনি বেরিয়ে আসেন।[৪৮]

শেখ মুজিব যখন গ্রেপ্তার হন, তার আগেই ঢাকায় পাকিস্তান সেনাবাহিনী নির্বিচারে হত্যাযজ্ঞ শুরু করে দিয়েছিল। শুরু হয় মুক্তিযুদ্ধের সশস্ত্র প্রতিরোধ পর্ব, যার সূচনা হয়েছিল ইপিআর হেডকোয়ার্টারে ও রাজারবাগ পুলিশ লাইনসে। কিন্তু এই প্রতিরোধ বেশিক্ষণ টেকেনি। মার্চ মাসজুড়েই ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা ছিল উত্তপ্ত। তরুণেরা একটি স্বাধীনতা ঘোষণার জন্য টগবগ করে ফুটছিলেন এবং রাজপথে ডামি রাইফেল নিয়ে মিছিল করছিলেন। ২৫ মার্চ মাঝরাতে তাঁরা সবাই যে যেদিকে পারলেন গা-ঢাকা দিলেন। অনেকের গন্তব্য হলো ভারত সীমান্তের দিকে।

রাত নয়টার পর থেকেই সামরিক হামলার লক্ষণ স্পষ্ট হয়ে আসছিল। তবে এটা যে কতটা ভয়ংকর হতে পারে, তা নেতারা আঁচ করতে পারেননি। যাঁরা এত দিন 'বীর বাঙালি অস্ত্র ধরো—বাংলাদেশ স্বাধীন করো' বলে স্লোগান দিয়ে আসছিলেন, তাঁরা জাতিকে তো দূরের কথা, নিজেদেরও সম্ভাব্য হামলা মোকাবিলার জন্য সামান্যতম প্রস্তুত করতে পারেননি। এমনকি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রাবাসগুলো থেকে সব ছাত্রকে নিরাপদ স্থানে সরে যেতেও সতর্ক করে দেননি। ২৫ মার্চ রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হল, সলিমুল্লাহ হল ও জগন্নাথ হল আক্রান্ত হয়। এতে বেশ কিছু শিক্ষক, ছাত্র ও কর্মচারী নিহত হন। ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহসম্পাদক চিশতি হেলালুর রহমান ইকবাল হলে তাঁর কক্ষে ঘুমাচ্ছিলেন। কতটা অসতর্ক থাকলে এ পর্যায়ের একজন ছাত্রনেতা ওই রাতে হলে ঘুমাতে পারেন! অনেকের মতো তিনিও নিহত হন।

শেখ মুজিব তাঁর সহযোগী আওয়ামী লীগের সিনিয়র নেতা ও ছাত্রনেতাদের নিরাপদ স্থানে সরে যেতে বলেছিলেন। তিনি নিজে তাঁদের সঙ্গে যোগ দেবেন এমন ধারণাও দেন। শেখ ফজলুল হক মণি, সিরাজুল আলম খান, আবদুর রাজ্জাক ও তোফায়েল আহমেদ কেরানীগঞ্জের কলাতিয়া গ্রামে স্থানীয় আওয়ামী

লীগ নেতা মো. বোরহানউদ্দিন আহমদ গগন এবং দোলেশ্বর গ্রামে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা ও প্রাদেশিক পরিষদের সদস্য হামিদুর রহমানের বাড়িতে শেখ মুজিবের জন্য অপেক্ষা করেছিলেন। ওখান থেকে আরও দূরে সরে যাওয়ার জন্য একটি লঞ্চও প্রস্তুত রাখা হয়েছিল।[৪৯]

সন্ধ্যা পর্যন্ত ছাত্র-যুবনেতারা জানতেন, শেখ মুজিব তাঁর বাড়ি ছেড়ে আত্মগোপন করবেন। লুকিয়ে বাড়ি থেকে চলে যাওয়ার জন্য তাঁর বাড়ির পেছনের দেয়ালে একটি মই রাখা হয়েছিল।[৫০] তবে তিনি সিদ্ধান্ত নিয়েছিলেন, বাড়িতেই থাকবেন।

১৯৭২ সালের জানুয়ারিতে ঢাকায় মার্কিন সাংবাদিক ডেভিড ফ্রস্ট শেখ মুজিবের একটি সাক্ষাৎকার নিয়েছিলেন, যা নিউইয়র্কের ডব্লিউ নিউজ টিভির ডেভিড ফ্রস্ট শোতে ১৮ জানুয়ারি প্রচার করা হয়েছিল। তিনি কেন গ্রেপ্তার বরণ করলেন, এই প্রশ্নের জবাবে শেখ মুজিব বলেছিলেন, 'আমি বাড়ির বাইরে এলেই পাকিস্তানি কমান্ডোরা আমাকে খুন করে আমার লোকদের নাম করে বলত, বাংলাদেশের চরমপন্থীরা তাঁকে মেরেছে। ইয়াহিয়া যেমন বলত, আমরা তার সঙ্গে সমঝোতা করতে চেয়েছিলাম কিন্তু সে চরমপন্থীদের হাতে মারা পড়েছে। তারা এটাই চেয়েছিল।' তিনি তো কলকাতা যেতে পারতেন, এই প্রশ্নের জবাবে শেখ মুজিব বলেন, 'যেতে পারতাম, কিন্তু আমার জনগণকে ফেলে কীভাবে যেতে পারি? আমি তো এই জাতির নেতা। আমি লড়াই করে মরতে পারি। আমি আমার জনগণকে প্রতিরোধ গড়ে তুলতে বলেছিলাম।'[৫১]

এখন প্রশ্ন হলো, ২৫ মার্চ কি অনিবার্য ছিল? এটি কি এড়ানো যেত না? একাত্তরের পুরো মার্চ ধরেই আলোচনা হয়েছে বিস্তর। পাকিস্তানের রাজনীতির প্রধান দুই অনুঘটক শেখ মুজিব ও ভুট্টোর মধ্যকার আলোচনায় দৃশ্যত কোনো মীমাংসা হয়নি। দুজনের কেউ-ই পাকিস্তানের একতা ও সংহতি নিয়ে মাথা ঘামাননি। পাকিস্তান ভাঙে তো ভাঙুক, এটিই দুজনের জন্য সুবিধাজনক ছিল। কিন্তু সমস্যা হলো, ভাঙার দায় একে অন্যের ওপর চাপাতে চেয়েছিলেন। ফলে দায় এসে বর্তায় ক্ষমতাসীন প্রেসিডেন্ট ইয়াহিয়ার কাঁধে। এটি বুঝতে পেরে ইয়াহিয়া দুজনকেই নমনীয় হতে এবং আলোচনা চালাতে অনুরোধ করেছিলেন।[৫২]

২৫ মার্চ রাতে অপারেশন সার্চলাইটের পরিকল্পনায় নির্দিষ্ট একজন মাত্র রাজনীতিবিদকে হত্যা করার সিদ্ধান্ত ছিল সামরিক কর্তৃপক্ষের। তাদের লক্ষ্য ছিল 'আগরতলা ষড়যন্ত্রে'র প্রধান পরিকল্পনাকারী ও 'লাহোর প্রস্তাব বাস্তবায়ন কমিটি'র আহ্বায়ক লে. কমান্ডার মোয়াজ্জেম হোসেনকে পৃথিবী থেকে সরিয়ে

দেওয়া। হত্যাকাণ্ডের শিকার হয়েছিলেন অনেকেই, কিন্তু সুনির্দিষ্ট টার্গেট ছিলেন একমাত্র মোয়াজ্জেম। ২৬ মার্চ সূর্য ওঠার আগেই ঢাকার এলিফ্যান্ট রোডের বাসায় তাঁকে ঘাতকেরা পিস্তল দিয়ে পর পর পাঁচটি গুলি করে এবং তিনি যে মোয়াজ্জেম, সে বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য মৃতদেহটি সঙ্গে করে নিয়ে যায়। তাঁর লাশ আর পাওয়া যায়নি।[৫৩]

২৫ মার্চের সামরিক অভিযান সম্পর্কে অস্পষ্টতা রয়েই গেছে। কিছু কিছু বিষয় ছিল ব্যাখ্যার অতীত। প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের এডিসি আরশাদ সামি খান কিছু তথ্য দিয়েছেন। অনেক কিছুই তিনি কাছ থেকে দেখেছিলেন। তাঁর ভাষ্য এখানে উদ্ধৃত করা হলো :

> প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ঢাকায় উপস্থিত সামরিক হাইকমান্ড নিয়ে বৈঠক করে সবুজ সংকেত দিলেন। অপারেশনের জন্য ২৫ মার্চ তারিখটি ঠিক করা হলো। এ ছাড়া সিদ্ধান্ত হলো, রাষ্ট্রদ্রোহের অভিযোগে শেখ মুজিবুর রহমানসহ আওয়ামী লীগের বিদ্রোহী অন্য সিনিয়র নেতাদের অক্ষত অবস্থায় জীবিত ধরতে

করাচি বিমানবন্দরে রক্ষী পরিবেষ্টিত বন্দী শেখ মুজিব। ডন, করাচি, ১০ এপ্রিল ১৯৭১

হবে। ইয়াহিয়া জোরের সঙ্গে কথাটি কয়েকবার বললেন, তাদের অক্ষত ও জীবিত ধরতে হবে এবং শক্তি যত কম ব্যবহার করে।

আমরা ২৫ তারিখ সন্ধ্যায় পশ্চিম পাকিস্তানে রওনা হলাম। ২৫ তারিখ মধ্যরাতের পরপর আওয়ামী লীগের নেতাদের একটি লম্বা তালিকা ধরে সামরিক অভিযান শুরু হলো। বিস্ময়ের ব্যাপার, শেখ মুজিব ও ড. কামাল হোসেন ছাড়া সবাই হাওয়া হয়ে গেলেন। পরে জানা যায়, তাঁরা ভারতে, প্রধানত পশ্চিমবঙ্গের কলকাতা, আসাম ও ত্রিপুরায় পালিয়ে গেছেন। তাঁদের এই চলে যাওয়ার ঘটনায় সামরিক অভিযানের গোপনীয়তা নিয়ে প্রশ্ন ওঠে। মনে হয়, শেখ মুজিব ও কামাল হোসেন ছাড়া সবাইকে পালিয়ে যেতে দেওয়া হয়েছে। এই দুজনের থেকে যাওয়া এবং তাঁদের নিয়ে ইয়াহিয়া কী করবেন, এটি কি কোনো পরিকল্পনার অংশ ছিল?

আমরা রাত সাড়ে ১০টায় রাওয়ালপিন্ডি পৌঁছালাম। জেনারেল হামিদ আমাদের স্বাগত জানাতে বিমানবন্দরে এসেছিলেন। প্রেসিডেন্ট ভবনে যাওয়ার সময় গাড়িতে সামনের আসনে আমার সঙ্গে বসে জেনারেল হামিদ সামরিক অভিযান নিয়ে পেছনের আসনে বসা ইয়াহিয়ার সঙ্গে আলাপ শুরু করলেন। মনে হলো তাঁরা খুব আশাবাদী। একসঙ্গে তাঁরা রাতের খাবার খান এবং শেষরাত অবধি একসঙ্গে ছিলেন। ফাঁকে ফাঁকে তাঁরা ঢাকায় চিফ অব জেনারেল স্টাফ লে. জেনারেল গুল হাসান খানের সঙ্গে অপারেশনের খুঁটিনাটি বিষয়ে খোঁজ নিচ্ছিলেন। আমরা যখন জানতে পারলাম শেখ মুজিব ও ড. কামাল হোসেন গ্রেপ্তার হয়েছেন (কামাল হোসেন অবশ্য গ্রেপ্তার হন কয়েক দিন পর), ইয়াহিয়া জানতে চাইলেন, তাঁরা অক্ষত কি না। তারপর নির্দেশ দিলেন বিচারের জন্য তাঁদের পশ্চিম পাকিস্তানে নিয়ে আসতে।

পরদিন সকালে প্রতিশ্রুতি অনুযায়ী ভুট্টো শেখ মুজিবের বিরুদ্ধে সামরিক অভিযানকে সমর্থন করে সাংবাদিকদের বললেন, 'পাকিস্তান রক্ষা পেয়েছে।'[৫৪]

ভুট্টোর রাজনৈতিক সহকর্মী গোলাম মোস্তফা খার ঢাকায় বন্দী শেখ মুজিবের সঙ্গে ভুট্টোর সাক্ষাতের ব্যবস্থা করেন। হোটেল ইন্টারকন্টিনেন্টাল ছেড়ে তেজগাঁও বিমানবন্দরে যাওয়ার পথে ভুট্টো ঢাকা সেনানিবাসে শেখ মুজিবের সঙ্গে দেখা করেন। ভুট্টোকে দেখে শেখ মুজিব কৌতুক করে বলেন, 'তুমহারা বাপ তো গায়া (তোমার বাপ তো চলে গেছে)।' শেখ মুজিব স্পষ্টতই ইয়াহিয়ার চলে যাওয়া প্রসঙ্গে ইঙ্গিত করেছিলেন। ভুট্টো নীরবে অপমানটুক হজম করলেন।[৫৫]

বিনা প্রতিরোধে শেখ মুজিবকে গ্রেপ্তার করার পর পাকিস্তানের সেনাসদরে বেতারে সংবাদ গেল: বিগ বার্ড ইন দ্য কেইজ (বড় পাখিটা খাঁচায় বন্দী)। রাতের বাকি সময়টুকু শেখ মুজিবকে আদমজী ক্যান্টনমেন্ট

THE PAKISTAN OBSERVER

# Yahya's Broadcast

FULL TEXT OF THE PRESIDENT OF PAKISTAN'S BROADCAST TO THE NATION ON THE 26TH OF MARCH, 1971

Curfew

MLO 132 on 'Directives' of defunct AL

Mujib arrested

MLO 120 on joining duty

MARTIAL LAW ORDERS

ORDERS BY LIEUTENANT GENERAL TIKKA KHAN, S. Pk psc MARTIAL LAW ADMINISTRATOR ZONE 'B' MARTIAL LAW ZONE 'B' ORDER

২৮ মার্চের পত্রিকায় ইয়াহিয়ার ২৬ মার্চের ভাষণ ছাপা হয়েছিল

স্কুলে রাখা হয়। পরদিন তাঁকে ফ্ল্যাগ স্টাফ হাউসে স্থানান্তর করা হয়। তিন দিন পর তাঁকে করাচি নিয়ে যাওয়া হয়। ১০ এপ্রিল পাকিস্তান সরকার শেখ মুজিবের গ্রেপ্তারের সংবাদটি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করে। ওই দিন করাচির *ডন* পত্রিকায় করাচি বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জে রক্ষী পরিবেষ্টিত অবস্থায় মুজিবের ছবি ছাপা হয়। করাচি থেকে সরাসরি তাঁকে লায়ালপুর জেলে নিয়ে যাওয়া হয়। কয়েক দিনের মধ্যেই তাঁর জন্য একজন বাঙালি বাবুর্চি জোগাড় করা হয়। তাঁকে তাঁর প্রিয় ব্র্যান্ডের তামাক সরবরাহ করা হয়। সার্বক্ষণিক দেখাশোনা করার জন্য একজন চিকিৎসকের ব্যবস্থা করা হয়।[৫৬]

৩ এপ্রিল রাতে লালমাটিয়ার কাছে এক বাসা থেকে কামাল হোসেন গ্রেপ্তার হন। তাঁকে ঢাকা সেনানিবাসে নিয়ে যাওয়া হয়। পরদিন তাঁকে বিমানে করে করাচি হয়ে রাওয়ালপিন্ডি পাঠিয়ে দেওয়া হয়। তাঁকে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের হাজারা জেলায় হরিপুর কেন্দ্রীয় কারাগারে রাখা হয়।[৫৭]

২৬ মার্চ এক বেতার ভাষণে ইয়াহিয়া 'সংকটের' জন্য শেখ মুজিবকে

পুরোপুরি দায়ী করেন। তিনি মুজিবকে বিশ্বাসঘাতকতার দায়ে অভিযুক্ত করেন। আওয়ামী লীগকে নিষিদ্ধ ঘোষণা করা হয়।

১১ আগস্ট লায়ালপুর জেলের পাশে একটি ভবনে এক সামরিক আদালতে শেখ মুজিবের গোপন বিচার শুরু হয়। একজন ব্রিগেডিয়ারের নেতৃত্বে অন্য বিচারকদের মধ্যে ছিলেন সেনাবাহিনীর দুজন ও নৌবাহিনীর একজন কর্মকর্তা এবং পাঞ্জাবের একজন জেলা জজ। তাঁর বিরুদ্ধে ১২টি অভিযোগ ছিল, যার মধ্যে ৬টি ছিল মৃত্যুদণ্ডযোগ্য। সবচেয়ে গুরুতর অভিযোগ ছিল পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা।[৫৮]

একাত্তরের সংকট ও সংঘাতে জেনারেল ইয়াহিয়া খান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জুলফিকার আলী ভুট্টো—এ তিনজনের ভূমিকার অনেকটাই এখনো অজানা। যেভাবে মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে পাকিস্তান ভাঙল এবং বাংলাদেশ জন্ম নিল, এতে তাঁদের ভূমিকা নিয়ে নানা আলোচনা আছে। ইয়াহিয়া খান নিজেকে একজন 'অনেস্ট ব্রোকার' মনে করতেন। এ জন্য তিনি পাকিস্তানের ইতিহাসে সবচেয়ে অবাধ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক সাধারণ নির্বাচনটির আয়োজন করতে পেরেছিলেন। একসময় তাঁর মনে হলো, শেখ মুজিব ও ভুট্টো দুজনই তাঁকে ঠকিয়েছেন এবং নিজেরা সাফসুতরা থেকে তাঁকে বলির পাঁঠা বানিয়েছেন। তাঁরা নিজ নিজ জনগোষ্ঠীর কাছে বীরের মর্যাদা পেয়েছেন এবং তিনি (ইয়াহিয়া) পরিণত হয়েছেন একজন খলনায়কে।

২৫ মার্চ ঢাকায় অপারেশন সার্চলাইট শুরু করার আদেশ দিয়ে ইয়াহিয়া নিশ্চিন্ত মনেই ইসলামাবাদে ফিরে গিয়েছিলেন। ভুট্টো তাঁর পদক্ষেপকে সমর্থন দেওয়ায় তাঁর কাঁধ থেকে যেন একটি বোঝা নেমে গেল। তিনি ভাবলেন, 'পূর্ব পাকিস্তান' ছিল একটি কঠিন সমস্যা এবং শিগগিরই সবকিছুর সমাধান হয়ে যাবে। তিনি ভুট্টোর কাছ থেকে একটু দূরত্ব বজায় রাখতে শুরু করলেন। এখানে একটি ঘটনার উল্লেখ করা যেতে পারে। এক সন্ধ্যায় প্রেসিডেন্ট ভবনে একটি জন্মদিনের অনুষ্ঠানে ইয়াহিয়া বেশ খোশমেজাজে ছিলেন। তিনি দুটি বড় বেলুন হাতে নিলেন। তারপর একটি করে বেলুনে লাথি মারেন আর বলেন, 'হিয়ার গোওজ মুজিব অ্যান্ড হিয়ার গোওজ ভুট্টো।' তিনি ভাবতেও পারেননি মুজিবের কারণে পূর্ব পাকিস্তানে কী ভয়াবহ আগুন জ্বলবে এবং ভুট্টো তলে তলে কী কারসাজি করবে।[৫৯]

একাত্তরের মার্চে বাংলাদেশের সঙ্গে ভারত নানাভাবে জড়িয়ে পড়ে। ভারতের সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবের আগে থেকেই যোগাযোগ ছিল। শেখ মুজিবের রাজনৈতিক সহকর্মী বরিশালের চিত্তরঞ্জন সুতার ছিলেন শেখ মুজিবের সঙ্গে ভারত সরকারের যোগাযোগের মাধ্যম। এ বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায়

ঢাকার ইংরেজি *প্রোব* ম্যাগাজিনকে দেওয়া ডা. আবু হেনার একটি সাক্ষাৎকারে। আবু হেনার বাড়ি সিরাজগঞ্জের বেলকুচিতে। ১৯৭০ সালের প্রাদেশিক পরিষদের নির্বাচনে সিরাজগঞ্জের একটি আসন থেকে তিনি নির্বাচিত হয়েছিলেন। তাঁর সাক্ষাৎকারের অংশবিশেষ সংক্ষেপে এখানে উদ্ধৃত করা হলো :

> একাত্তরের ফেব্রুয়ারির শেষ সপ্তাহে মণি ভাই (শেখ ফজলুল হক মণি) আমাকে বললেন, 'এখন কাজে নামতে হবে, জরুরি একটি কাজে তোমাকে কলকাতা যেতে হবে। সেখানে ভারত সরকারের একজন প্রতিনিধির সঙ্গে দেখা করতে হবে।' আমি বললাম, মুজিব ভাই না বললে আমি কোথাও যাব না।
>
> ১ বা ২ মার্চ মুজিব ভাই আমাকে ডেকে বললেন, 'আমি ব্যস্ত মানুষ, সব সময় তোমার সঙ্গে সরাসরি কথা বলতে পারব না। এখন থেকে যা বলার মণিই বলবে এবং এটা আমার কথা বলেই জানবে। তুমি ইংরেজি, হিন্দি, উর্দু ভালোই বলো। এ ছাড়া আমি তোমাকে বিশ্বাস করি এবং সে জন্যই তোমাকে বেছে নিয়েছি।' এবার মণি ভাই আমাকে কিছু নির্দেশনা দিলেন এবং কলকাতায় চিত্তরঞ্জন সুতারের সঙ্গে দেখা করতে বললেন। আমার প্রতি নির্দেশ ছিল ভারতীয় কর্তৃপক্ষকে বলতে যে যুদ্ধ বাধলে তারা যেন সীমান্ত খোলা রাখে এবং অস্ত্র ও রেডিও ট্রান্সমিটার দিয়ে আমাদের সাহায্য করে।
>
> আমি ৭ মার্চ রওনা হলাম এবং পুলিশের চোখ ফাঁকি দিয়ে রৌমারী-কুড়িগ্রাম হয়ে সীমান্ত পেরিয়ে কলকাতায় পৌঁছলাম। কিন্তু মণি ভাইয়ের কথামতো সুতারকে পেলাম না। কারণ, তিনি ভুজঙ্গভূষণ নাম নিয়ে কলকাতায় থাকতেন। অবশেষে ভবানীপুরে নর্দান পার্কের কাছে ২১ রাজেন্দ্র রোডের 'সানি ভিলা'য় তাঁর সন্ধান পেলাম। সুতার তাঁর স্ত্রী ও সন্তানকে নিয়ে ওই বাড়িতে থাকতেন।
>
> চিত্তরঞ্জন সুতার ১৯৫৪ সালে বরিশাল থেকে প্রাদেশিক পরিষদে নির্বাচিত হয়েছিলেন। আগে তিনি তফসিলি ফেডারেশনের সঙ্গে ছিলেন। পরে আওয়ামী লীগে যোগ দেন। ১৯৫৭ সালে আওয়ামী লীগ ভেঙে ন্যাপ হলে তিনি ন্যাপে যোগ দেন। কালিদাস বৈদ্যকে সঙ্গে নিয়ে ১৯৬৪ সালে গণমুক্তি পার্টি তৈরি করেছিলেন। পরে এই পার্টি আওয়ামী লীগের সঙ্গে একীভূত হয়। ১৯৬৮ সালে সুতার কলকাতায় চলে যান।
>
> আমি কলকাতায় পৌঁছলাম ১০ বা ১১ মার্চ। ঢাকা ছাড়ার আগেই আমার কোড নম্বর ঠিক করে দেওয়া হয়েছিল '৯৯'। ঢাকার ভারতীয় ডেপুটি হাইকমিশন থেকে কলকাতার কর্তৃপক্ষকে এটি জানিয়ে দেওয়া হয়েছিল। কলকাতায় সুতারের বাড়িতে আমি উঠলাম। দিল্লি থেকে দুজন ভদ্রলোক এলেন। তাঁরা ইন্দিরা গান্ধীর ঘনিষ্ঠ এবং বাংলায় কথা বলতে পারেন। তাঁদের নাম আমার মনে নেই। আমরা যখন কথা বলছিলাম, সুতারকে সেখানে থাকতে দেওয়া হয়নি। সে জানেও না আমরা কী কথা বলেছি।

আমি তাদের যা বলার তা বললাম। তারা বলল, অস্ত্র দিয়ে তোমরা কী করবে? তোমাদের লোকদের পাঠিয়ে দাও, আমরা ওদের প্রশিক্ষণ দেব। অস্ত্রের ব্যাপারে ওরা কোনো প্রতিশ্রুতি দিল না। কিন্তু রেডিও ট্রান্সমিটার দিতে এবং সীমান্ত খোলা রাখতে রাজি হলো। শেষে বলল, 'শেখ মুজিবকে বলো, আমাদের যেন একটি চিঠি দেয়। "দিদি, হেল্প আস, মুজিব" এটুকু লিখলেই যথেষ্ট।'

আমি বললাম, তোমরা পুরো জিনিসটাই দেরি করিয়ে দিচ্ছ। আমি ঢাকায় যাব, তারপর চিঠি নিয়ে আসব, এতে অনেক সময় নষ্ট হবে। ওরা বলল, 'এটা দরকার, উনি (ইন্দিরা) এটি চান।' তারা আরও বলল, 'রেডিও স্টেশন তৈরি আছে। বর্ডার খোলা থাকবে। বর্ডার পেরিয়ে যারাই আসবে, তাদের থাকার ব্যবস্থা করা হবে।'

আমি যশোর হয়ে ১৪-১৫ মার্চ ঢাকায় ফিরে এলাম এবং মুজিব ভাইকে সব খুলে বললাম। বললাম, ওরা একটা চিঠি চায়। মুজিব ভাই শুনলেন, কিছু বললেন না। তারপর তো ২৫ মার্চ ক্র্যাকডাউন হয়ে গেল। শেখ মুজিব গ্রেপ্তার হলেন।[৬০]

ঘটনাপরম্পরায় এটি বোঝা যায় যে বঙ্গবন্ধু সামরিক বিকল্পের (মিলিটারি অপশন) কথা চিন্তা করেননি। তিনি চেয়েছিলেন আলোচনা ও সমঝোতার মাধ্যমে সমাধান, একটা নেগোশিয়েটেড সেটেলমেন্ট। তিনি স্বাধীনতা চেয়েছেন, স্বাধীনতার জন্য জাতিকে তৈরি করেছেন। তিনি মনে করতেন, তিনি সংখ্যাগরিষ্ঠ জনগণের নেতা। তিনি কেন বিচ্ছিন্নতাবাদী হিসেবে পরিচিত হবেন? তিনি জানতেন, তাঁর অনুপস্থিতিতে স্বাধীনতার লড়াই চলবে। এটি চলেছেও। সমঝোতার মাধ্যমে পাকিস্তানে একটি কনফেডারেশন হলেও পরে বাংলাদেশ আলাদা একটি স্বাধীন রাষ্ট্র হতো, এই বিশ্বাস তাঁর ছিল।

বঙ্গবন্ধু যদি একতরফা স্বাধীনতা ঘোষণা করতেন, তাহলে কী হতো? এ নিয়ে অনেক আলোচনা ও বিতর্ক হতে পারে। পরবর্তী ঘটনাপ্রবাহে মনে হয়, তাঁকেও অন্যদের সঙ্গে সীমান্ত পেরিয়ে ভারতে যেতে হতো। এটি তিনি চাননি। তিনি বাংলাদেশের স্বাধীনতা চেয়েছিলেন তাঁর নিজের শর্তে, তাঁর নিজের ক্ষমতায়।

বঙ্গবন্ধুর রাজনৈতিক সহকর্মীরা এবং আওয়ামী লীগ ২৫ মার্চ রাতে শেখ মুজিবের অবস্থানটি যথাযথভাবে ব্যাখ্যা করতে পারেনি। এ নিয়ে জল ঘোলা হয়েছে অনেক। হয়েছে অনেক বিতর্ক ও সমালোচনা।

স্বাধীনতার ঘোষণা কে কবে কোথায় প্রথম দিয়েছেন এ নিয়ে অনেক কুতর্ক-বিতর্ক হয়েছে। এই তর্কে ইতিহাসের সত্য খোঁজার চেয়ে সংকীর্ণ লাভালাভের বিষয়টিই প্রাধান্য পেয়েছে। একাত্তরের মার্চে সারা দেশ যেভাবে জ্বলে উঠেছিল,

একটি আনুষ্ঠানিক ঘোষণার প্রয়োজন হলেও তার অপেক্ষায় কেউ বসে ছিলেন না। মুক্তিযুদ্ধের প্রথম প্রহরে মানুষ জানতেন না যে শেখ মুজিব একটি ঘোষণা দিয়ে গিয়েছেন, কিংবা তিনি গ্রেপ্তার হয়েছেন। তবু তাঁর নামেই মুক্তিযুদ্ধ শুরু হয়েছিল।

পাকিস্তানি বাহিনী যখন আক্রমণে নামছে, তখন যে যার মতন করে বিভিন্ন জায়গায় খবর পাঠিয়েছেন। অনেক জায়গায় শেখ মুজিবের নামে বার্তা পৌঁছে গেছে যে স্বাধীনতা ঘোষণা করা হয়েছে। দলের তরুণেরাই এ কাজটি করেছেন।

২৬ মার্চ ভোরে চট্টগ্রাম শহরের আন্দরকিল্লায় আওয়ামী লীগ অফিসের সামনে একটি জটলা। একজন হকার চেঁচিয়ে বলছেন :

> টেলিগ্রাম টেলিগ্রাম টেলিগ্রাম। ঢাকা শহরত এক লাখ মানুষ মারি ফেলিয়ে। বঙ্গবন্ধু স্বাধীনতা ডিক্লেয়ার করি দিইয়ে।[৬১]

১৯৭১ সালে ভুট্টো বলেছিলেন, পাকিস্তানের রাজনীতিতে তিনটি শক্তি—আওয়ামী লীগ, সেনাবাহিনী ও পিপলস পার্টি। নিজের পথ পরিষ্কার করতে গিয়ে প্রথমেই তিনি আওয়ামী লীগকে সরিয়ে দিতে অগ্রসর হন এবং এটি করতে গিয়ে তিনি 'পূর্ব পাকিস্তানকে' বের করে দেন।[৬২]

১৯৭১ সালের রাজনৈতিক সংঘাত এবং পরবর্তী সময়ে বাংলাদেশের জন্ম হওয়াটা বাংলাদেশে একটা অনিবার্য রাজনৈতিক ঘটনা হিসেবে দেখা হলেও পাকিস্তানে এ ধরনের পরিণতির জন্য সাধারণ মানুষ মানসিকভাবে তৈরি ছিল না। পাকিস্তানের শাসকগোষ্ঠী পাকিস্তান 'ভাঙার' জন্য বাংলাদেশের রাজনৈতিক নেতৃত্ব এবং এর পেছনে ভারতের উসকানিকে যতই দায়ী করুক না কেন, পাকিস্তানের সাধারণ মানুষের উপলব্ধি অন্য রকমের। ১৯৯৬ সালে বছরব্যাপী পাকিস্তানের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে এক জনমত জরিপে জানা যায়, পাকিস্তানের অধিকাংশ নাগরিক 'ঢাকার পতন', অর্থাৎ বাংলাদেশের বিচ্ছিন্ন হয়ে যাওয়াটাকে পাকিস্তানের জীবনে সবচেয়ে বড় ঘটনা হিসেবে মনে করে। পাকিস্তান ভাঙার জন্য সবচেয়ে বেশি মানুষ কিন্তু দায়ী করে ভুট্টোকে। জনমত জরিপে দেখা যায়, ৩৬ শতাংশ মানুষ মনে করে ভুট্টো পাকিস্তান ভাঙার জন্য প্রধানত দায়ী। ইয়াহিয়া খানকে দায়ী মনে করে ২৪ শতাংশ মানুষ। মাত্র ৬ শতাংশ মানুষ 'পাকিস্তানের বিপর্যয়ের' জন্য শেখ মুজিবকে আসামির কাঠগড়ায় দাঁড় করিয়েছে।[৬৩]

১৯৭৮ সালের ২৯ মে লাহোর হাইকোর্টে দেওয়া এক হলফনামায় ইয়াহিয়া খান পাকিস্তানের এই করুণ পরিণতির জন্য শেখ মুজিব ও ভুট্টো দুজনকেই দায়ী করেছিলেন। তাঁর মতে, ভুট্টো ছিলেন ক্ষমতালিপ্সু। আইয়ুব খানের কাছ থেকে ইয়াহিয়া যখন ক্ষমতা নিয়ে নেন, সেই সময়ের কথা স্মরণ করে ইয়াহিয়া বলেন, ভুট্টো ওই সময় তাঁকে বলেছিলেন, তিনি রাজনীতিটা সামাল দেবেন আর ইয়াহিয়া

**IN THE LAHORE HIGH COURT AT LAHORE**

**IN RE.-** Writ Petition No. 1649 of 1978

General (Retd) Agha Muhammad Yahya Khan,
Resident of 61-Harley Street, Rawalpindi.

... **PETITIONER**

Versus

Federation of Pakistan

... **RESPONDENT**

---

AFFIDAVIT OF General (Retd) Agha Muhammad Yahya Khan,
Resident of 61-Harley street,
Rawalpindi Cantt.

I, the deponent above-named, do hereby solemnly affirm and declare as under.-

1) That when Field Marshal Muhammad Ayub Khan, handed over power to the deponent, Mr. Zulfikar Ali Bhutto came to the deponent and suggested to become political arms of the said Mr. Zulfikar Ali Bhutto while the deponent himself would be at the head of the Armed Forces of Pakistan. Mr. Bhutto had said that in this way both of them would be able to rule the country for twenty-five years. The deponent disapproved it with contempt.

লাহোর হাইকোর্টে দেওয়া ইয়াহিয়া খানের হলফনামার প্রথম পাতা

সশস্ত্র বাহিনীর দায়িত্বে থাকুক; এভাবে তাঁরা ২৫ বছর দেশ শাসন করতে পারবেন। ইয়াহিয়া আরও মন্তব্য করেন যে ভুট্টো যদি জাতীয় পরিষদের অধিবেশনে যোগ দিতেন, তাহলে হয়তো একটি ফেডারেশন বা কনফেডারেশন হতো, পাকিস্তান ভাঙত না। কিন্তু ভুট্টোর বদ মতলব ছিল। তিনি সব সময় ক্ষমতার শীর্ষে থাকতে চাইতেন।[৬৪]

ছয়া দফা নিয়ে শেখ মুজিবের সঙ্গে কামাল হোসেন, তাজউদ্দীন ও খন্দকার মোশতাকের ভিন্নমত ছিল বলে ইয়াহিয়ার মনে হয়েছিল। তিনি বলেছিলেন,

‘শেখ মুজিবের ওপর তারা দুষ্টচক্রের মতো ভর করেছিল।’ খন্দকার মোশতাক ইয়াহিয়াকে বলেছিলেন, ‘ছয় দফা জনগণের সামনে একটি রাজনৈতিক ফাঁকা বুলি। এটি নিয়ে দুশ্চিন্তা করার দরকার নেই।’[৬৫]

শেষমেশ ইয়াহিয়ার ধারণা হয়েছিল, শেখ মুজিব ভারতের সাহায্য নিয়ে পূর্ব পাকিস্তানকে ‘বিচ্ছিন্ন’ করতে চেয়েছেন।[৬৬]

ইয়াহিয়ার শেষ জীবনটা ছিল করুণ। ১৯৭১ সালে ভুট্টো রাষ্ট্রক্ষমতা হাতে নিয়ে ইয়াহিয়াকে অন্তরীণ করেন। ১৯৭৭ সালে জেনারেল জিয়াউল হক সামরিক অভ্যুত্থান ঘটিয়ে ক্ষমতা দখল করে ইয়াহিয়াকে মুক্তি দেন। স্ট্রোকে আক্রান্ত হয়ে ইয়াহিয়া পক্ষাঘাতের শিকার হন। ১৯৮০ সালে রাওয়ালপিন্ডিতে ভাইয়ের বাসায় তিনি মারা যান।[৬৭]

পাকিস্তানে ১৯৭০-৭১ সালে ভুট্টোকে নিয়ে যে মাতামাতি ছিল, তা থিতিয়ে আসতে বেশি সময় লাগেনি। একটি কারচুপির নির্বাচন করে ক্ষমতা আঁকড়ে রাখতে চেয়েছিলেন তিনি। শেষরক্ষা হয়নি। সামরিক চক্রের সাজানো মামলায় ফাঁসির দড়িতে ঝুলতে হয়েছিল তাঁকে। তাঁর সন্তান বেনজির ভুট্টো পাকিস্তানের প্রধানমন্ত্রী হওয়ার পর বাবার পুনর্বাসনের চেষ্টা হয়। ভুট্টোকে বানানো হয় ‘কায়েদে আওয়াম’। লারকানায় তাঁর কবর এখন রীতিমতো মাজার শরিফ।

# স্বাধীনতা ঘোষণা

১৯৭১ সালের ১ মার্চ জনতা রাজপথে নেমে এসেছিল, ঘোষণা করেছিল স্বাধীনতা। পাকিস্তানি পতাকা পোড়ানো হয়েছিল। বাংলাদেশের স্বাধীনতা তখন শুধু সময়ের ব্যাপার নয়, শুরু হয়ে গিয়েছিল ক্ষণগণনা, কাউন্টডাউন। বঙ্গবন্ধু শেখ মুজিব সাংবিধানিক প্রক্রিয়াকেই রাজনৈতিক কৌশল হিসেবে বেছে নিয়েছিলেন। অপারেশন সার্চলাইট বাস্তবায়নের মাধ্যমে সামরিক জান্তা পাকিস্তানের কফিনে শেষ পেরেকটি ঠুকে দিল। জনতার কাতারে শামিল হলেন বাঙালি পুলিশ, ইপিআর ও সশস্ত্র বাহিনীর সদস্যরা। ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বিভিন্ন ব্যাটালিয়নে বাঙালি সদস্যরা বিদ্রোহ করলেন। শুরু হলো মুক্তিযুদ্ধের সশস্ত্র প্রতিরোধ পর্ব।

চট্টগ্রামে অবস্থিত ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের (ইবিআরসি) কমান্ড্যান্ট এবং চট্টগ্রামের আঞ্চলিক সামরিক আইন প্রশাসক ব্রিগেডিয়ার এম আর মজুমদার ছিলেন প্রদেশে কর্মরত সবচেয়ে জ্যেষ্ঠ বাঙালি সেনা কর্মকর্তা। ২৪ মার্চ বিকেলে তাঁকে চট্টগ্রাম থেকে ঢাকায় নিয়ে আসা হয়। তাঁর সঙ্গে ছিলেন ইবিআরসির ক্যাপ্টেন আমীন আহম্মেদ চৌধুরী (পরে মেজর জেনারেল)। চট্টগ্রামের বাঙালি সেনা কর্মকর্তারা অনেকেই বিদ্রোহ করার জন্য মানসিকভাবে তৈরি ছিলেন। তাঁরা সবাই ব্রিগেডিয়ার মজুমদারের নির্দেশের অপেক্ষায় ছিলেন। ২৫ মার্চ সকাল পৌনে নয়টায় ব্রিগেডিয়ার মজুমদার জয়দেবপুরের উদ্দেশে রওনা হন। ক্যাপ্টেন আমীন আহম্মেদ চৌধুরীর ভাষ্যে জানা যায় :

> গাড়িতে ওঠার আগে ব্রিগেডিয়ার মজুমদার আমাকে বললেন, 'লাল ফিতা ওড়ানোর জন্য কর্নেল এম আর চৌধুরীকে বার্তা পাঠাও এবং তুমি এক্ষুনি চট্টগ্রামে ফেরত গিয়ে লাল ফিতা উড়িয়ে দেওয়ার অভিযানে শামিল হও।'
>
> ব্রিগেডিয়ার মজুমদার চলে যাওয়ার পর আমি কর্নেল ওসমানীর বাসায় গেলাম। গিয়ে দেখি তিনি বাসায় নেই। তাঁর বাসায় কাজের লোক আমাকে চিনত। সে আমাকে জানাল, কর্নেল ওসমানী এখন ধানমন্ডিতে একটি বাসায় আছেন।...এরপর আমি ধানমন্ডির ওই বাসায় গিয়ে কর্নেল ওসমানীর সঙ্গে

দেখা করি। আমাকে দেওয়া ব্রিগেডিয়ার মজুমদারের নির্দেশের কথা জানালাম তাঁকে এবং বললাম, লাল ফিতা উড়িয়ে দেওয়ার অভিযানে আমি চট্টগ্রামে যাচ্ছি। আরও বললাম, আওয়ামী লীগ হাইকমান্ডের আরও দু-একজনকে সঙ্গে নিয়ে আপনি চট্টগ্রাম যেতে পারলে আরও ভালো হয়। ওসমানীকে আরও বলি, আপনারা আমাদের সঙ্গে চট্টগ্রামে চলেন। যদি আক্রান্ত হই, পাল্টা আক্রমণ করতে পারব। ঢাকায় আমাদের এত ট্রুপস নেই।

আমার কথা শুনে তিনি ওই বাসার ওপরের তলায় গেলেন। কিছুক্ষণ পর নেমে এসে বললেন, আজ (২৫ মার্চ) রাত আটটায় অথবা কাল (২৬ মার্চ) বেলা একটায় প্রেসিডেন্ট ইয়াহিয়া খান বিগত দশ দিনের আলাপ-আলোচনার ওপর ভিত্তি করে দিকনির্দেশনামূলক এক ভাষণ দেবেন। তাই এ মুহূর্তে কোনো হঠকারী বা অবাঞ্ছিত কর্মকাণ্ড করা সমীচীন হবে না।...

বেলা দুইটা বা আড়াইটার দিকে আবার ইবিআরসিতে ফোন করি। কর্নেল চৌধুরীকে ফোনে পাই। প্রথমে ফোন ধরেন ইবিআরসির অ্যাডজুট্যান্ট ক্যাপ্টেন মহসিন। কর্নেল চৌধুরীকে আমি বলি, ব্রিগেডিয়ার মজুমদার লাল ফিতা উড়িয়ে দিতে বলেছেন। এ কথা শুনে তিনি আমাকে বললেন, 'এই আদেশ ব্রিগেডিয়ার মজুমদারকে সরাসরি দিতে হবে।'[১]

ব্রিগেডিয়ার মজুমদার ২৫ মার্চ সন্ধ্যায় কর্নেল চৌধুরীর সঙ্গে কথা বলতে চেয়েছিলেন। কিন্তু ফোনের সংযোগ হঠাৎ বিচ্ছিন্ন হয়ে যায়। রাত ১২টার দিকে পাকিস্তান সেনাবাহিনীর ২০ বালুচ রেজিমেন্ট ইবিআরসি আক্রমণ করে ২৩৫ জন বাঙালি সেনাকে হত্যা এবং ৯০০ জনের মতো গ্রেপ্তার করে। কর্নেল চৌধুরীকেও হত্যা করা হয়।[২]

ঢাকায় রাত ১০টা থেকে পিলখানায় ২২ এফএফের সদস্যরা ইপিআরের বাঙালি সদস্যদের নিরস্ত্র করতে শুরু করে। ইপিআর কন্ট্রোল রুম থেকে মেজর দেলওয়ার ও কুতুবুদ্দীন ওয়্যারলেসে অনবরত বার্তা পাঠাতে থাকেন, 'যে যেখানে আছ, তোমরা ইমিডিয়েটলি অ্যাকশনে যাও।' তাঁরা সাড়ে ১০টা পর্যন্ত বার্তা পাঠান। তারপর তাঁদেরও নিরস্ত্র করা হয়।[৩]

রাত ১০টার দিকে চট্টগ্রামে ইপিআরের অ্যাডজুট্যান্ট ক্যাপ্টেন রফিকুল ইসলাম বার্তাটি পান। তখনই তিনি অ্যাকশনে চলে যান। তিনি ওয়্যারলেসে বার্তা পাঠান 'ব্রিং সাম উড ফর মি'। এই বার্তা পাওয়ার সঙ্গে সঙ্গে তাঁর অধীনে সবাই বিদ্রোহ করেন।[৪] ক্যাপ্টেন রফিকের ভাষ্য অনুযায়ী, তিনি ২৫ মার্চ রাত ৮টা ৪৫ মিনিটে ইপিআরের ওয়্যারলেস স্টেশনের দায়িত্বে থাকা অবাঙালি প্লাটুন কমান্ডার ক্যাপ্টেন হায়াতকে গ্রেপ্তারের মধ্য দিয়ে বিদ্রোহের সূচনা করেন।[৫] ২৬ মার্চ সকালে তিনি চট্টগ্রাম আওয়ামী লীগের কয়েকজন নেতার সঙ্গে যোগাযোগ করেন। তাঁর বিবরণী এ রকম :

টেলিফোনে আমি জনাব হান্নান, জহুর আহমদ চৌধুরী ও জনাব সিদ্দিকীকে অনুরোধ করলাম, চট্টগ্রাম শহরে আমরা যে যুদ্ধ চালিয়ে যাচ্ছি বিষয়টি জনগণকে জানানোর জন্য তাঁরা যেন রেডিওতে একটি ঘোষণার বন্দোবস্ত করেন। সেই অনুযায়ী আওয়ামী লীগ নেতারা একটি খসড়া তৈরি করেন এবং তা সংশোধন করে দিলেন ডা. জাফর।...২৬ মার্চ আনুমানিক ২.৩০ মিনিটে চট্টগ্রাম শহরের কয়েক মাইল বাইরে কালুরঘাট রোডস্থ চট্টগ্রাম রেডিওর 'ট্রান্সমিশন সেন্টার' থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের সেক্রেটারি জনাব এম এ হান্নান এই ঘোষণা বাণীটি পাঠ করেন।[৬]

রেডিও পাকিস্তানের চট্টগ্রামে অবস্থিত কালুরঘাট ট্রান্সমিশন কেন্দ্রটিকে বেতারের একদল কর্মী ২৬ মার্চ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র নাম দিয়ে কিছু অনুষ্ঠান চালান এবং সেখান থেকে বঙ্গবন্ধুর নামে স্বাধীনতার ঘোষণা পাঠ করা হয়। এ প্রসঙ্গে চট্টগ্রাম আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ হান্নানের বক্তব্য উল্লেখ করা যেতে পারে :

২৬ মার্চ...আমরা কালুরঘাট গিয়ে জানতে পারলাম যে জিয়াউর রহমান (ইস্ট বেঙ্গল রেজিমেন্টের মেজর) বোয়ালখালী থানার দিকে অগ্রসর হচ্ছেন। আমরা মেজর জিয়াউর রহমানকে বোয়ালখালী থানার কুসুমডাঙ্গা পাহাড়ের কাছে তাঁর জওয়ানদেরসহ দেখতে পাই; তাঁকে শহরের বর্তমান অবস্থা সম্পর্কে জানাই এবং শহরসংলগ্ন এলাকায় শিবির স্থাপন করার জন্য অনুরোধ জানাই। তবে ২৭ মার্চ তিনি কালুরঘাটে আসবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। কাপ্তাই থেকে আগত ক্যাপ্টেন হারুন ও ১৫০ জন ইপিআর মেজর জিয়াউর রহমানের সঙ্গে একত্র হন।

কালুরঘাট থেকে চলে আসার পর সিদ্ধান্ত নেওয়া হয় যে রেডিও মারফত বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণার কথা প্রচার করতে হবে। সিদ্ধান্ত অনুযায়ী ২৬ মার্চ কালুরঘাট ট্রান্সমিটার সেন্টার থেকে বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা করি। প্রচারে আমাকে সহযোগিতা করেন রেডিও অফিসের রাখাল চন্দ্র বণিক, মীর্জা আবু মনসুর, আতাউর রহমান কায়সার, মোশাররফ হোসেন প্রমুখ এমপিএ ও এমএনএ।

২৭ মার্চ বিকেলে মেজর জিয়াউর রহমানও রেডিও মারফত স্বাধীনতা ঘোষণা করেন। মেজর জিয়াউর রহমানের স্বাধীনতা ঘোষণার পর ঘোষণার বক্তব্য নিয়ে জনমনে কিছুটা বিভ্রান্তি দেখা দেয়। তাই সেদিন রাতে আমি, মীর্জা আবু মনসুর ও মোশাররফ হোসেন ফটিকছড়িতে অবস্থানরত সাবেক মন্ত্রী এ কে খান সাহেবের সঙ্গে সাক্ষাৎ করি। পুনর্ঘোষণার জন্য তিনি একটি খসড়া করে দেন। আমরা ফটিকছড়ি থেকে কালুরঘাট ট্রান্সমিটার সেন্টারে উপস্থিত হই। সেখানে মেজর জিয়াউর রহমানের কাছে আমি এ কে খান কর্তৃক লিখিত

খসড়াটি দিই। পুনরায় ২৮ মার্চ সকালে বঙ্গবন্ধুর পক্ষে মেজর জিয়াউর রহমান সর্বাধিনায়ক হিসেবে স্বাধীনতা ঘোষণা করেন।[৭]

চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের সভাপতি এম আর সিদ্দিকীর ভাষ্যও প্রায় একই রকমের। তিনি এক সাক্ষাৎকারে বলেছেন :

> ...২৭ মার্চ জিয়া বেতারে ভাষণ দেন, নিজেকে প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা করেন, মুক্তিযুদ্ধের আহ্বান জানান। এটি আওয়ামী লীগার ও জনগণকে বিভ্রান্ত করে। খবরটি শুনে এ কে খান বলেন, এটিকে সামরিক অভ্যুত্থান হিসেবে মনে করা হতে পারে এবং দেশে ও আন্তর্জাতিক পরিমণ্ডলে কোনো সমর্থন পাওয়া যাবে না। তিনি ইংরেজিতে একটি খসড়া তৈরি করে দেন। জিয়া ভুল বুঝতে পারেন এবং নতুন খসড়াটি পাঠ করেন, যাতে উল্লেখ করা হয়, শেখ মুজিবুর রহমান দেশের প্রেসিডেন্ট এবং তাঁর পক্ষে তিনি ঘোষণা দিচ্ছেন।[৮]

চট্টগ্রাম রেডিও থেকে এম এ হান্নানের স্বাধীনতার ঘোষণা পাঠ এবং এ বিষয়ে পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির শ্রম সম্পাদক ও চট্টগ্রাম শহর আওয়ামী লীগের সভাপতি জহুর আহমদ চৌধুরী প্রসঙ্গে একটি ভাষ্য পাওয়া যায়। চট্টগ্রামের স্টেশন রোডে রেলওয়ে রেস্ট হাউসের একটি কামরায় ছিল শহর আওয়ামী লীগের অফিস। ওই কামরার ভেতর পার্টিশন দিয়ে একটি জায়গা করা হয়েছিল। জহুর আহমদ চৌধুরী মাঝেমধ্যে সেখানে গিয়ে বিশ্রাম করতেন। ২৫ মার্চ রাতে তাঁর ভীষণ জ্বর হয়েছিল। জ্বর গায়ে তিনি পাথরঘাটায় আখতারুজ্জামান বাবুর বড় ভাই বশীরুজ্জামানের বাসভবন জুপিটার হাউসে যান। ২৬ মার্চ সকালে হান্নান রেলওয়ে রেস্ট হাউসে জহুর আহমদকে না পেয়ে জুপিটার হাউসে তাঁর সঙ্গে দেখা করে স্বাধীনতার বক্তব্য রেডিওতে এসে পাঠ করতে অনুরোধ করেন। হান্নানের ধারণা হয়েছিল, জহুর আহমদ চৌধুরী রেডিওতে বক্তব্য দিলে সেটার 'ওজন অনেক বেশি হবে'। জহুর আহমদ তখন জ্বরে কাহিল। তিনি হান্নানকে বললেন, 'তুমিই এইটা পড়ো।'[৯]

১৯৭২ সালের ১০ এপ্রিল সকাল ১০টায় বাংলাদেশ গণপরিষদের প্রথম অধিবেশন শুরু হয়। স্বাধীনতা ঘোষণা সম্পর্কে প্রস্তাবের ওপর আলোচনাকালে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেন, 'আমরা যে আজ বাংলাদেশের সার্বভৌম গণপরিষদের সদস্য হিসেবে কাজ করতে পারছি, সে সুযোগ এ দেশের জনসাধারণ তাদের রক্ত দিয়ে এনে দিয়েছে। আমাদের স্বাধীনতাসংগ্রাম অনেক দিন থেকে শুরু হয়।' এই বক্তব্যের মাধ্যমে শেখ মুজিব এটি স্পষ্ট করেন যে স্বাধীনতা হুট করে আসেনি। এর পেছনে আছে জনগণের দীর্ঘদিনের লড়াই। ২৫ মার্চ রাতে প্রতিরোধযুদ্ধের প্রথম প্রহরটির প্রেক্ষাপট বর্ণনা করতে গিয়ে তিনি বলেন :

বর্বর ইয়াহিয়ার সেনাবাহিনীকে অসহায় ও নিরস্ত্র সাত কোটি বাঙালির ওপর কুকুরের মতো লেলিয়ে দেওয়া হয়েছিল। সেনাবাহিনী যদি যুদ্ধ ঘোষণা করত, তবে আমরা সেই যুদ্ধের মোকাবিলা করতে পারতাম। কিন্তু তারা অতর্কিতে ২৫ মার্চ তারিখে আমাদের আক্রমণ করল। তখন আমরা বুঝতে পারলাম যে আমাদের শেষ সংগ্রাম শুরু হয়ে গেছে। আমি ওয়্যারলেসে চট্টগ্রামে জানালাম বাংলাদেশ আজ থেকে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র। এ খবর প্রত্যেককে পৌঁছে দেওয়া হোক, যাতে প্রতিটি থানায়, মহকুমায়, জেলায় প্রতিরোধ সংগ্রাম গড়ে উঠতে পারে। সেই জন্য প্রয়োজনীয় নির্দেশও দিয়েছিলাম। এই ব্যাপারে আত্মসচেতন হতে হবে।

দেশবাসী জানেন একই তারিখে দেশের বিভিন্ন জায়গায় প্রতিরোধ আন্দোলন শুরু হয়েছিল। এটা হাওয়ার ওপর থেকে হয় নাই। যদি কোনো নির্দেশ না থাকত, তবে কেমন করে একই সময়ে, একই মুহূর্তে সব জায়গায় সংগ্রাম শুরু হলো?[১০]

শেখ মুজিবের ঘনিষ্ঠ সহযোগী তাজউদ্দীন আহমদের বরাত দিয়ে কেউ কেউ বলেন, তাজউদ্দীন স্বাধীনতা ঘোষণার একটি খসড়া তৈরি করে শেখ মুজিবের অনুমোদন নিতে চেয়েছিলেন। শেখ মুজিব এতে রাজি হননি। তিনি নিজেকে বিচ্ছিন্নতাবাদী হিসেবে চিহ্নিত হওয়ার কোনো সুযোগ পাকিস্তানি কর্তৃপক্ষকে দিতে চাননি। ডেভিড ফ্রস্টকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, যুদ্ধটা ওরাই শুরু করুক। তাজউদ্দীন জীবিতকালে এ প্রসঙ্গে মুখ খোলেননি। অন্যরাও এ ব্যাপারে কথাবার্তা বলেননি।

বঙ্গবন্ধু শেখ মুজিব নিজ মুখে বা নিজ হাতে স্বাধীনতার আনুষ্ঠানিক ঘোষণা না দিয়ে থাকলে তিনি স্বাধীনতা চাননি বা অখণ্ড পাকিস্তান চেয়েছিলেন বলে একটি মহলের প্রচারণা আছে। ২৫ মার্চ মাঝরাতে পাকিস্তানি বাহিনীর অতর্কিত আক্রমণ ও নৃশংসতার ফলে উদ্ভূত পরিস্থিতিতে স্বাধীনতা ঘোষণার কোনো বিকল্প ছিল না। তর্ক হচ্ছে এই নিয়ে যে, বঙ্গবন্ধু নিজে আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন কি দেননি, এ প্রসঙ্গে ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর বক্তব্যটি প্রাসঙ্গিক। ১৯৭১ সালের ৬ নভেম্বর যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ে দেওয়া এক বক্তৃতায় তিনি বলেছিলেন :

আমরা (ভারত) এমন একটা জায়গায় পৌঁছেছিলাম, যখন ভেবেছিলাম যে, আমরা অনেক সহজে ও তাড়াতাড়ি সামনে এগোতে পারব। তখন হঠাৎ করেই অন্য দেশের সমস্যা আমাদের ওপর এসে পড়ল। এটা আমাদের সমস্যা নয়, বরং অন্য একটি দেশের। ওরা মানুষদের সীমান্তের বাইরে ঠেলে দিচ্ছে, যারা তাদের পছন্দমতো ভোট দেয়নি। তাদের একটাই অপরাধ, তারা স্বাধীনতার জন্য আওয়াজ তুলেছে। যদিও তারা তা করেছে শেখ মুজিব গ্রেপ্তার হয়ে

যাওয়ার পর, তার আগে নয়। যদ্দুর আমি জানি, তিনি নিজে স্বাধীনতা চাননি। কিন্তু যখন তিনি গ্রেপ্তার হলেন এবং নির্বিচারে হত্যাকাণ্ড চালানো হচ্ছিল, এটা সহজেই অনুমান করা যায় যে, মানুষেরা বলছে, 'এরপর, আমরা একসঙ্গে থাকি কী করে? আমাদের আলাদা হতেই হবে।'[১১]

বঙ্গবন্ধুর নামে স্বাধীনতার একটি ঘোষণা তৈরি হয়েছিল বলে তাঁর সে সময়ের অত্যন্ত আস্থাভাজন যুবনেতা সিরাজুল আলম খান নিশ্চিত করেছেন। সিরাজুল আলম খানের ভাষ্য হলো, তিনি তিন লাইনের একটি খসড়া ইংরেজিতে তৈরি করেন। তাজউদ্দীন এটি পরিমার্জন করে দেন। সন্ধ্যায় এটি শেখ মুজিবকে দেখানো হয়। তারপর এটি প্রচারের ব্যবস্থা হয়। শেখ মুজিব জানতেন, তাঁর নামে একটি ঘোষণা তৈরি করা হয়েছে। সিরাজুল আলম ২৫ মার্চ রাতের কোনো এক সময় লালবাগ থানার পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তার কামরায় গিয়েছিলেন। ওই কর্মকর্তার টেবিলের ওপর তিনি ওই ঘোষণার একটি কপি দেখেছিলেন। তাঁর মতে, বঙ্গবন্ধু সরাসরি নিজেই স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন কি দেননি, এটি গুরুত্বপূর্ণ বিষয় নয়। গুরুত্বপূর্ণ হলো, তাঁর নামে একটি ঘোষণা দেওয়া হয়েছিল।[১২] শেখ মুজিবের সঙ্গে তাঁর শেষবার দেখা হয় ধানমন্ডির বাসায় রাত ১১টায়। ততক্ষণে সেনাবাহিনী ক্যান্টনমেন্ট ছেড়ে শহরে ঢুকে পড়েছে। ১৯৭২ সালের ৪ নভেম্বর গণপরিষদে সংবিধান বিল গৃহীত হওয়ার পর এক ভাষণে শেখ মুজিব ২৫ মার্চ রাতের কথা স্মরণ করে বলেন :

যখন আমি বুঝতে পারলাম, আমার আর সময় নেই এবং আমার সোনার দেশকে চিরদিনের মতো ছেড়ে যেতে হচ্ছে, তখন আমার মনে হলো, এই বুঝি আমার শেষ। তখন আমি চেষ্টা করেছিলাম, কেমন করে বাংলার মানুষকে এ খবর পৌঁছিয়ে দিই এবং আমি তা দিয়েছিলাম তাদের কাছে।[১৩]

পাকিস্তান সেনাবাহিনীর বাঙালি সদস্যদের প্রথম সমন্বিত বিদ্রোহ শুরু হয় ২৫ ও ২৬ মার্চের মধ্যবর্তী রাতে। চট্টগ্রামে অবস্থানরত অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের উপ-অধিনায়ক মেজর জিয়াউর রহমানের নেতৃত্বে এই বিদ্রোহে যোগ দেন ওই রেজিমেন্টের সব বাঙালি কর্মকর্তা। তাঁদের মধ্যে ছিলেন মেজর মীর শওকত আলী, ক্যাপ্টেন চৌধুরী খালেকুজ্জামান, ক্যাপ্টেন অলি আহমদ, ক্যাপ্টেন সাদেক হোসেন, লেফটেন্যান্ট সমশের মুবিন চৌধুরী ও লেফটেন্যান্ট মাহফুজুর রহমান। এর আগেই ইপিআরের ক্যাপ্টেন রফিকুল ইসলাম বিদ্রোহ করেন।[১৪]

২৫ মার্চ রাতে কী ঘটেছিল, তার একটি খণ্ডচিত্র পাওয়া যায় অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ক্যাপ্টেন চৌধুরী খালেকুজ্জামানের (পরবর্তী সময়ে ব্রিগেডিয়ার) বর্ণনায়। রেজিমেন্টের কমান্ডিং অফিসার লে. কর্নেল আবদুর

রশিদ জানজুয়ার নির্দেশে ২৫ মার্চ সকাল থেকে মেজর মীর শওকত আলী এক কোম্পানি সেনা নিয়ে চট্টগ্রাম বন্দরে 'সোয়াত' জাহাজ থেকে অস্ত্র খালাসের কাজের নিরাপত্তার জন্য নিয়োজিত ছিলেন। ব্রিগেডিয়ার আনসারিও সেখানে ছিলেন। সন্ধ্যার পর জানজুয়া ও শওকত শহরে রেজিমেন্টের ইউনিট লাইনে ফিরে আসেন। রাত ১০টার পর পরিস্থিতি পাল্টে যায়। ক্যাপ্টেন খালেকুজ্জামানের ভাষ্যে জানা যায় :

> জানজুয়া আমাকে ডাকলেন। বললেন, 'খালেক, ইউ হ্যাভ টু গো টু দ্য পোর্ট টু টেক ওভার কমান্ড অব দ্য এরিয়া।' এমন সময় মেজর জিয়া সেখানে উপস্থিত হন। জিয়াকে দেখেই জানজুয়া বললেন, 'জিয়া, ইউ গো ফার্স্ট, খালেক উইল ফলো ইউ।' জিয়া উঠলেন। সঙ্গে দুজন অবাঙালি অফিসার, সে. লে. হুমায়ুন আর সে. লে. আজম। আমি ওপাশে গেলাম। জিয়া বললেন, 'খালেকুজ্জামান, কিছু শুনলে জানিয়ো।'
>
> গাড়ি চলে গেল। জানজুয়া তাঁর বাসা আলহামরা বিল্ডিংয়ে চলে গেলেন। শওকত চলে গেলেন মেসে। ডিউটি অফিসার ক্যাপ্টেন অলি আহমদ (পরে কর্নেল) চলে গেল ওপরে। আমি চিন্তায় পড়ে গেলাম। তখন অলি ওপর থেকে বলল, 'স্যার, আপনার একটা ফোন আসছে।' আমি গেলাম। বাই দ্যাট টাইম অলি হ্যাজ টক্‌ড। উনি ছিলেন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অব স্ট্যান্ডার্ড ব্যাংক মি. কাদের (আবদুল কাদের)। অলির সঙ্গে কী কথা হয়েছে জানি না। বললেন, 'ঢাকায় তো ইপিআরের ওখানে ফায়ারিং শুরু হয়ে গেছে। আর্মি হ্যাজ রেইডেড ক্যাম্পস। তোমরা কী করছ?' আরও কিছু বললেন। আমাকে এক্সাইটেড করলেন। আমি অলিকে বললাম, তোমাকে কী বলেছে জানি না। ডিউটি করো ওখানে। কিপ আ ট্র্যাক অন দিস। আই অ্যাম গোয়িং টু গেট ব্যাক আওয়ার বস জিয়া।
>
> পিক আপ এল। আমি কয়েকজন গার্ড নিলাম। জিয়াকে দেওয়ানহাট ওভারব্রিজের সামনে পেলাম। রাস্তায় ব্যারিকেড ছিল। ওখানে আল্লাহর রহমতে ওইটা (ব্যারিকেড) ছিল। জিয়া, লাইক আ ড্যান্ডি ম্যান, স্মার্ট, হাতে ফিল্টার উইলস, দ্যাট ফেমাস উইলস। সিগারেট খাচ্ছেন। বললেন, 'ইয়েস খালেক, হোয়াট হ্যাপেনড? আই সেইড, ফায়ারিং হ্যাজ স্টার্টেড। ইপিআর ক্যাম্প হ্যাজ বিন অ্যাটাকড... ব্লা ব্লা ব্লা।' উনি তখন চিৎকার করে বললেন,
>
> হোয়াট শ্যাল উই ডু?
>
> ইউ নো বেটার।
>
> ইন দ্যাট কেস, উই রিভোল্ট অ্যান্ড শো আওয়ার এলিজিয়েন্স টু দ্য গভর্নমেন্ট অব বাংলাদেশ।
>
> ইউনিট লাইনে ফিরে আসার পর ল্যান্স নায়েক শফির হাত থেকে রাইফেলটা হাতে নিয়ে বললেন, 'হুমায়ুন, আজম, কাম এলংগ। শফি, তোমার

স্যারদের কোয়ার্টার গার্ডের ভেতর নিয়ে যাও।' দে অয়ার স্টান্ট। কোয়ার্টার গার্ডের ভেতরে নিয়ে গেল। জিয়া বললেন, 'খালেক, লেট মি গো অ্যান্ড গেট দিস বাস্টার্ড (জানজুয়া)।' জিপে করে আলহামরা বিল্ডিংয়ে গেলেন। জানজুয়া কেইম আউট। জিয়া জানজুয়াকে বললেন :

খালেক অ্যান্ড অলি উড লাইক টু টক টু ইউ। ইউ কাম টু দ্য ইউনিট লাইন। দে আর ওয়েটিং ফর ইউ টু টক।

চলো, চলতা হু।

জানজুয়াকে গাড়িতে বসালেন। জিয়া গাড়ি চালালেন। পেছনে যে সিপাই ছিল, সে বন্দুক ধরে রেখেছিল, সো দ্যাট হি ডাজ নট রান অ্যাওয়ে। (ইউনিট লাইনে) নামার সঙ্গে সঙ্গে জিয়া এক আজব কাণ্ড করলেন। ওখানে শফি ছিল। তার হাত থেকে রাইফেলটা নিলেন, পয়েন্টেড দ্য ব্যারেল অ্যাট হিম। বললেন, 'ইউ আর আন্ডার অ্যারেস্ট।' জানজুয়া হতভম্ব হয়ে গেছে। (জিয়া) বললেন, 'খালেক, টেক হিম।' আমি জানজুয়াকে কোয়ার্টার গার্ডে নিয়ে গেলাম। বাই দ্যাট টাইম কোয়ার্টার গার্ডের মধ্যে সে. লে. আজম, সে. লে. হুমায়ুন, আহমেদ দ্বীন বলে একজন ক্যাপ্টেন, পাঞ্জাবি অফিসার। আজম, হুমায়ুন, আহমদ দ্বীন অয়ার টেকেন আপ। অ্যান্ড দে অয়ার এলিমিনেটেড ইন দ্য মেল্যু।

মেজর জিয়া সার্বিক পরিস্থিতি বলে সবার কাছ থেকে আনুগত্য চাইলেন, 'তোমরা কি আমার সঙ্গে আছ'? সবাই এক আওয়াজে বলেছিল, 'আমরা আছি।'

জিয়া শওকতকে বলেছিলেন, 'একটি গাড়ি নিয়ে চট্টগ্রাম শহরে মাইক দিয়ে বলে দাও যে আমরা, এইট বেঙ্গল হ্যাজ রিভোল্টেড ফর দ্য কজ অব বাংলাদেশ।' বিফিটিং ল্যাঙ্গুয়েজে বলার জন্য। হি ডিড দ্যাট। জিয়া অফিসে বসে...হি ওয়াজ রিংগিং আপ—এমপি, ডেপুটি কমিশনার আর যাদের ফোন করে পায় নাই, অপারেটরকে বলেছেন, 'সবাইকে বলে দিন এইট বেঙ্গল রিভোল্ট করেছে বাংলাদেশের পক্ষে।'

তারপর আমরা ইউনিট লাইন থেকে বেরিয়ে গেলাম। তখন রাত গড়িয়ে ভোর হয়ে গেছে। আমরা পটিয়া পর্যন্ত যাই। তখন কিছু কিছু অফিসার ডেপ্লয়েড হয়ে গেছেন। পটিয়া যেহেতু অলির জায়গা, তিনি সবকিছু চিনতেন। এতে আমাদের সুবিধা হয়েছে। বন্দোবস্তটা উনি ভালোভাবেই করতে পেরেছিলেন। সেখান থেকে আমাদের বলে দেওয়া হলো, পজিশন, কে কোথায় যাবেন। আমাকে বলা হলো রেডিও স্টেশনটা প্রটেকশন দেওয়ার জন্য, রেডিও স্টেশন থেকে কর্ণফুলীর পূর্বপার পর্যন্ত।[১৫]

২৬ মার্চ সন্ধ্যায় আরেকটি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছিল। চট্টগ্রাম বেতার কেন্দ্রের স্ক্রিপ্ট রাইটার বেলাল মোহাম্মদ কয়েকজনকে নিয়ে বেতার কেন্দ্র চালু করেছিলেন। সন্ধ্যা ৭টা ৪০ মিনিটে কালুরঘাট সম্প্রচার কেন্দ্র থেকে তাঁর

কণ্ঠস্বর শোনা যায়—স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র থেকে বলছি। বেলাল মোহাম্মদের বিবরণ থেকে জানা যায়, সন্ধ্যার এই অধিবেশন চলাকালে চট্টগ্রাম শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ হান্নান এসে হাজির হন এবং বলেন, 'আপনারা মাইকে আমার নাম ঘোষণা করুন। আমি বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণাপত্র প্রচার করব।' তাঁকে বলা হলো, তিনি নিজ কণ্ঠে এটি পাঠ করতে পারেন, তবে তাঁর নাম প্রচার করা হবে না। কেননা বেতার কেন্দ্রটি তাহলে ঝুঁকির মধ্যে পড়বে। জবাবে হান্নান বলেন, তিনি দুপুরে চট্টগ্রাম বেতার কেন্দ্র থেকে নামসহ এটি পাঠ করেছেন। এখন অবশ্য বক্তব্যটি একটু বড় করে লেখা হয়েছে। শেষমেশ হান্নান নাম ঘোষণা ছাড়াই বঙ্গবন্ধুর ঘোষণাপত্র প্রচার করেছিলেন।[১৬]

জিয়া যখন ব্যাটালিয়নের কমান্ড হাতে নেন, তখন তাঁর সম্বল বলতে ৩০০ সেনা। পরদিন তাঁরা হাঁটাপথে পটিয়া থানায় যান। তাঁরা খোঁজখবর নিতে থাকেন শেখ মুজিব বা তাঁর কোনো সহযোগী বেতারে কোনো ঘোষণা দিয়েছেন কি না বা তাঁদের জন্য কোনো নির্দেশ আছে কি না। তাঁদের সঙ্গে চক্ষু চিকিৎসক জাফর, অধ্যাপক নুরুল ইসলাম এবং কয়েকজন ছাত্রনেতার যোগাযোগ হয়। কিন্তু রাজনৈতিক নেতৃত্বের কাছ থেকে কোনো নির্দেশনা আসেনি। সবাই তখন শহর ছেড়ে নিরাপদ আশ্রয়ের খোঁজে ছুটছেন। এ সময় জনৈক মাহমুদ হোসেন ক্যাপ্টেন অলির খোঁজে পটিয়া আসেন। তিনি অলিকে বলেন, যুক্তরাষ্ট্র সরকারের সঙ্গে তাঁর ভালো যোগাযোগ আছে এবং বঙ্গোপসাগরে অবস্থানরত সপ্তম নৌবহর থেকে বিমান, ভারী অস্ত্রসহ অন্যান্য সাহায্য পাওয়া যাবে। মাহমুদ তাঁদের বলেন, তিনি চট্টগ্রাম বেতারের অনেক কর্মকর্তা ও প্রকৌশলীকে চেনেন। অলি তখন ওই কর্মকর্তাদের কালুরঘাট বেতার কেন্দ্রে নিয়ে আসার জন্য মাহমুদকে অনুরোধ করেন। মাহমুদ তখনই একটি মাইক্রোবাস নিয়ে চলে যান এবং বেলা একটায় বেতারের কয়েকজন কর্মীকে নিয়ে ফিরে আসেন। তাঁদের মধ্যে ছিলেন বেলাল মোহাম্মদ, আবুল কাশেম চৌধুরী, আবদুল্লাহ আল ফারুক, কাজী হাবীব উদ্দিন আহমদ, জাহেদুর হোসেন, আমিনুর রহমান, সৈয়দ আবদুল সরকার, শফিকুজ্জামান, মোস্তফা আনোয়ার ও রেজাউল করিম চৌধুরী।[১৭]

মাহমুদ হোসেন চট্টগ্রাম বেতারের স্ক্রিপ্ট রাইটার বেলাল মোহাম্মদকে নিয়ে এসেছিলেন বেগম মুশতারী শফীর বাসা থেকে। মুশতারী শফীর ভাষ্য অনুযায়ী :

> ...মাহমুদ হোসেন নামের একজন লোক এল আমার বাসায় বেলাল ভাইকে কোথায় যেন নিয়ে যেতে। মাহমুদ হোসেন ভারতীয় লোক। থাকে কখনো লন্ডন কখনো আমেরিকার বিভিন্ন জায়গায়। তাঁর স্ত্রী নাকি ভারতের (জনতা পার্টির)

> নেতা মোরারজি দেশাইয়ের ভাইজি। নাম ভাস্কর প্রভা। তিনি প্রায় মাস কয়েক হলো বাংলাদেশে এসেছেন। উদ্দেশ্য, বাংলাদেশের পল্লিগীতি ও বাউল সংগীতের ওপর ধারাবর্ণনাসহকারে লং প্লে রেকর্ড বের করবেন। বেলাল ভাইয়ের সঙ্গে তাঁর চুক্তি হয়েছে সংগৃহীত গানের ধারাবর্ণনা লিখে দেওয়ার। উঠেছে আগ্রাবাদ হোটেলে।...বেলাল ভাই চলে গেলেন মাহমুদ হোসেনের সঙ্গে। আবুল কাশেম সন্দ্বীপ আর আবদুল্লাহ আল ফারুক পরে হেঁটেই রওনা হলো... ।[১৮]

পটিয়া থেকে কালুরঘাটের দূরত্ব ১০ কিলোমিটার। বেলা দুইটায় জিয়া ও অলি বেরিয়ে পড়লেন। অলি পথে ফুলতলা প্রাইমারি স্কুলে থামলেন। মাহমুদ হোসেন ও বেতার কর্মীদের নিয়ে জিয়া বেতার কেন্দ্রের দিকে রওনা হলেন। অলি বোয়ালখালী হয়ে বিকেল সোয়া পাঁচটায় কালুরঘাট বেতার কেন্দ্রে পৌঁছান। মেজর জিয়া একটি ঘোষণার খসড়া তৈরি করে রেখেছিলেন। তিনি ঘোষণাটি পাঠ করেন। ওই সময় অলি পাশেই ছিলেন।[১৯]

বেলাল মোহাম্মদ দাবি করেছেন, তিনিই জিয়াকে 'স্বকণ্ঠে কিছু প্রচার' করার প্রস্তাব দিলে জিয়া রাজি হন এবং তাঁর দেওয়া কাগজে জিয়া বক্তব্যের খসড়াটি লেখেন। বেতারের অফিসকক্ষে তখন তাঁরা মাত্র দুজনই ছিলেন। পরে ক্যাপ্টেন অলি আহমদ বাইরে থেকে এসে পাশে বসেছিলেন। তিনজনের আলাপ-আলোচনায় খসড়াটি চূড়ান্ত হয়েছিল।[২০]

লে. সমশের মুবিন চৌধুরীকে বেতার কেন্দ্রের দায়িত্বে রেখে জিয়া ও অলি রাত পৌনে আটটায় কালুরঘাট ছেড়ে যান। ওই রাতেই তাঁরা মাহমুদ হোসেনকে মার্কিন সপ্তম নৌবহরের সঙ্গে যোগাযোগের জন্য কক্সবাজার রওনা করিয়ে দেন। কয়েকজন সেনাও দেওয়া হয় তাঁর সঙ্গে। ২৮ মার্চ সকালে জিয়া ও অলি একটি জিপে চড়ে কক্সবাজারের উদ্দেশে রওনা হন। পথে তাঁরা স্থানীয় লোকদের বাধার মুখে পড়েন। তাঁদের গায়ে সামরিক পোশাক ছিল, যদিও তাঁরা ব্যাজ খুলে ফেলেছিলেন। মানুষ তাঁদের পলায়নপর পাকিস্তানি সেনা ভেবে ঘেরাও করে ফেলে। গতিক সুবিধের নয় দেখে অলি চট্টগ্রামের আঞ্চলিক ভাষায় বলেন, 'আঁরঅ বাড়ি চন্দনাইশ। এই হলো মেজর জিয়া, যাঁর ঘোষণা আপনারা রেডিওতে শুনেছেন।' এ কথা শুনে উপস্থিত জনতা আনন্দে আত্মহারা হয়ে পড়ে। তারা তাঁদের গায়ে ফুল ও গোলাপজল ছিটিয়ে দেয়। এরপর তাঁরা আবার অগ্রসর হন। পথে আর কোনো ঝামেলায় যাতে না পড়তে হয়, সে জন্য জিপের বনেটের ওপর কক্সবাজারের প্রাদেশিক পরিষদ সদস্য সরোয়ার আলমকে বসিয়ে রাখা হয়। জিয়া নিজেই জিপটি চালাচ্ছিলেন। পাশের আসনে অলি। ডুলাহাজারায় পৌঁছে তাঁরা স্থানীয় লোকদের কাছে জানতে পারেন মাহমুদ তাঁর সঙ্গে থাকা

সেনাসহ স্থানীয় জনতার হাতে নিহত হয়েছেন। অবাঙালি মনে করে তাঁদের হত্যা করা হয়।[২১]

মাহমুদ কক্সবাজারে একজন উকিলের ছেলের সঙ্গে যোগাযোগ করতে বলেছিলেন। সেই মোতাবেক জিয়া ও অলি ওই উকিলের বাসায় যান এবং জানতে পারেন, ওই উকিলের ছেলে তিন দিন আগেই আমেরিকায় চলে গেছেন। ধারে-কাছে কোথাও সপ্তম নৌবহর নেই। তাঁরা চট্টগ্রামে ফিরে আসেন।[২২] ৩০ মার্চ জিয়া কালুরঘাট বেতার কেন্দ্রে যান এবং তাঁর দ্বিতীয় ঘোষণাটি দেন। সন্ধ্যা সাড়ে সাতটায় ১০ জন সেনাকে নিয়ে জিয়া রামগড় রওনা হন। উদ্দেশ্য হলো, ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করে অস্ত্র ও গোলাবারুদ জোগাড় করা।[২৩]

অনেক বছর আগের ঘটনাপ্রবাহ স্মৃতি থেকে তুলে আনতে গেলেও দেখা যায় তাতে ধুলোর আস্তরণ পড়েছে। স্মৃতিও কিছুটা ঝাপসা হয়ে গেছে। প্রত্যক্ষদর্শীর বিবরণেও তাই অসংগতি পাওয়া যায়। ১৯৭১ সালের মার্চের শেষ দিনগুলো নিয়ে অলি আহমদ, চৌধুরী খালেকুজ্জামান ও সমশের মুবিন চৌধুরীর দেওয়া তথ্যে কিছু অমিল দেখা যায়। চৌধুরী খালেকুজ্জামানের ভাষ্য অনুযায়ী, জিয়া, মীর শওকত, অলি আহমদ এবং তিনি ২৬ তারিখ বিকেলে কক্সবাজার রওনা হন। তাঁরা রাতে কক্সবাজারে ছিলেন। সেখানে তাঁরা ডিসি, এসপি ও আওয়ামী লীগের কয়েকজন নেতার সঙ্গে বৈঠক করেন। ২৭ তারিখ তাঁরা ফিরে আসেন চট্টগ্রামে। অলি আহমদ বলছেন, জিয়া, শওকত এবং তিনি ২৮ মার্চ কক্সবাজারে যান। জিয়া ও অলি ৩০ মার্চ চট্টগ্রামে ফিরে আসেন। মীর শওকত থেকে যান কক্সবাজারে। সমশের মুবিন চৌধুরীর ভাষ্য হলো, জিয়া ২৮ মার্চ সকালে সারা দিনের জন্য পটিয়া ছেড়ে যান। সমশের জানতেন না তিনি কোথায় গিয়েছিলেন। তবে তাঁর ধারণা হয়েছিল, জিয়া ভারতের বিএসএফের সঙ্গে যোগাযোগ করতে বান্দরবান গিয়ে থাকতে পারেন। জিয়া রাতেই ফিরে এসেছিলেন এবং রাত ১১টার পর তাঁর সঙ্গে সমশেরের কথা হয়।[২৪]

সমশের মুবিন চৌধুরী লেখককে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছেন, ২৬ মার্চ ভোরে তাঁরা পটিয়া পৌঁছার পর একটি জিপে করে আওয়ামী লীগ নেতা জহুর আহমদ চৌধুরী, আতাউর রহমান কায়সার এবং ছাত্রলীগের কয়েকজন আসেন। জিয়াউর রহমান তাঁদের কাছে জানতে চান, কোনো 'ইনস্ট্রাকশন' আছে কি না? জহুর বলেন, তেমন কোনো ইনস্ট্রাকশন নেই। সিগারেটের একটা খোলা প্যাকেট দেখালেন। সেখানে লেখা, 'গো আন্ডারগ্রাউন্ড।' জিয়া বললেন, 'ঠিক আছে, উই আর টুগেদার, যুদ্ধ করব।' ইতিমধ্যে ইপিআরের ক্যাপ্টেন হারুন আহমেদ চৌধুরী কাপ্তাই থেকে ৬৫ জন সিপাই নিয়ে এসেছেন। ক্যাপ্টেন রফিকের একটি

বার্তা পেয়ে চলে এসেছেন। সন্ধ্যার সময় অষ্টম বেঙ্গলের সাতজন অফিসার এবং ক্যাপ্টেন হারুন 'জয় বাংলা' বলে শপথ করলেন, স্বাধীনতার জন্য প্রয়োজনে সর্বস্ব ত্যাগ করবেন। মীর শওকত আলী লুঙ্গি পরে রিকশায় চড়ে শহর ঘুরতে গেলেন। সমশের মুবিনও শহরে গিয়েছিলেন। জিয়া সমশেরের অধীনে এক কোম্পানি সেনা ন্যস্ত করলেন। ২৭ মার্চ বিকেলে সমশের কালুরঘাট ব্রিজের দিকে হেঁটে যাচ্ছিলেন। ব্রিজের ওপর মীর শওকত ও আতাউর রহমান কায়সার বসে কথা বলছিলেন। শওকত সমশেরকে বললেন, 'দেখায়া দিছে, ঘোষণা দিয়া দিছে।' সন্ধ্যার একটু আগে সমশের রেডিওতে শুনলেন, 'আই, মেজর জিয়া, হিয়ারবাই ডিক্লেয়ার দ্য ইনডিপেনডেন্স অব বাংলাদেশ...।' ২৮ তারিখ ভোরে সমশের মুবিনকে ডেকে জিয়া তাঁর হাতে লেখা একটি খসড়া দিয়ে বললেন, 'রিপিট দিস হোল ডে।' সমশের মুবিনের ভাষ্য অনুযায়ী :

> যৌবন বয়স, দেশের স্বাধীনতা ঘোষণার সঙ্গে জড়িত হব, এই সুযোগ ছাড়ে নাকি কেউ! সুবিদ আলী ভুঁইয়া বলল, সেও যাবে আমার সঙ্গে। আমরা কালুরঘাট গেলাম দশটার দিকে। ওটা ছিল একটি ট্রান্সমিশন সেন্টার, নট আ রেডিও স্টেশন। টেকনিশিয়ান যারা ছিল, ডাকলাম সবাইকে। বললাম, অন বিহাফ অব মেজর জিয়া, আই রিড আউট দ্য ফলোয়িং ডিক্লারেশন। এটা সারা দিন বিশ-পঁচিশবার পড়েছি। এক ঘণ্টা পরপর ট্রান্সমিটার অফ করতে হয়। গরম হয়ে যায় তো! প্রতিটি ওয়ার্ড আমার মনে আছে, জীবনে ভুলব না।
>
> পলিটিক্যাল মোটিভেটর হিসেবে একবার মুক্তিযোদ্ধা ক্যাম্প আগরতলার মেলাঘরে যাই। সেখানে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ১৫ শতাধিক জওয়ান অবস্থান করছিল। দুপুরে খাওয়ার পর জওয়ানদের সামনে আমাদের বক্তৃতা করার কথা। মেজর খালেদ মোশাররফ সেক্টর কমান্ডার—তিনি আমাদের উপস্থিতিতে জওয়ানদের উসকিয়ে দিলেন। বললেন, 'জিজ্ঞেস করো, আওয়ামী লীগ নেতারা তোমাদের জন্য কী করেছেন?' কাউকে বক্তৃতা করতে না দিয়ে আমি জবাব দিলাম, ভুলে যাবেন না আপনারা পাকিস্তানি সেনাবাহিনীর সদস্য হয়েও ভারতে স্বাধীনভাবে অবস্থান করছেন। আপনাদের খাওয়া-পরা, অনুশীলন, প্রশিক্ষণ, এমনকি দেশের অভ্যন্তরে আপনাদের পরিবারের কাছে বেতনের টাকাও পৌঁছিয়ে দেওয়া হচ্ছে। আপনাদের এ-যাবতীয় সুযোগ-সুবিধা সৃষ্টি করেছে আওয়ামী লীগ সরকার, অর্থাৎ আমরা। অন্যথায় ভারতের মাটিতে আপনাদের অনুপ্রবেশকারী হিসেবে আটক করা হতো। এ সময় আমার সঙ্গে আওয়ামী লীগ নেতা আবদুল মালেক উকিল, সংসদ সদস্য নুরুল হক, ক্যাপ্টেন সুজাত আলীসহ অন্য নেতারাও ছিলেন।
>
> সে সময় আওয়ামী লীগ নেতৃত্বের প্রতি (সেনা কর্মকর্তাদের) একটি বিরূপ মনোভাব ছিল। তারা বলতে চাইত, সরকার গঠন করে আওয়ামী লীগ নেতারা আরাম-আয়েশে দিন কাটাচ্ছেন। দলীয় এমপিদের অধিকাংশই যুদ্ধের খাতায় নাম না লিখিয়ে ক্যাম্পে অবস্থান করছেন অথবা পলিটিক্যাল মোটিভেশনের নামে ঘুরে বেড়াচ্ছেন। আর যুদ্ধ করতে হচ্ছে তাদের।
>
> আমার মতে, তাদের এ মানসিকতার দুটি কারণ ছিল। এবং পাকিস্তান সেনাবাহিনীতে ট্রেনিংয়ের সময় যে মোটিভেশন করা হতো, তাতে তাদের মাথায় ঢুকিয়ে দেওয়া হতো যে বেসামরিক আমলা এবং দুর্নীতিপরায়ণ রাজনীতিক, অর্থাৎ 'ব্লাডি সিভিলিয়ান' ও 'করাপটেড পলিটিশিয়ানরাই' সবকিছুর জন্য দায়ী। এই মগজ ধোলাইয়ের কারণে পাকিস্তানি ট্রেনিংপ্রাপ্ত সামরিক অফিসারদের মধ্যে সব সময়ই সিভিল সমাজকে খাটো করে দেখার একটি প্রবণতা কাজ করত।...
>
> দ্বিতীয়ত, সামরিক কর্মকর্তাদের মধ্যে সে সময় যাঁদের পরিবার দেশে রয়ে গিয়েছিল, তাঁদের অনেকে কিঞ্চিৎ পরিমাণে হলেও মানসিক ভারাসাম্য হারিয়ে

ফেলেছিলেন। তবে জিয়াউর রহমান যেমনটি চেপে রাখতে পারতেন, তেমনটি অন্যরা পারতেন না। জিয়া কেবল একদিন ত্রিপুরার সাবরুমে আমার সঙ্গে কথা বলার সময় একপর্যায়ে পরিবার-পরিজনদের কথা উঠলে চোখের পানি ফেলেছিলেন। তাহলেও তাঁদের ভেতরে ভেতরে প্রচণ্ড অহংবোধ ছিল এবং তাঁরা ভাবতেন, দেশ পরিচালনার জন্য সবার চেয়ে তাঁরাই যোগ্য।[৪৯]

মুজিবনগর সরকারের মধ্যে মতবিরোধ ও দলাদলি ছিল। এ সম্পর্কে মওলানা ভাসানী তাঁর সচিব সাইফুল ইসলামকে বলেছিলেন :

> কী আর বইলবার চাব। মন্ত্রিসভার কেউ কাউকে মানে নাকি? নজরুল, মনসুর আলী, মোশতাক কেডা ছোট, কেডা বড়? তাজউদ্দীন প্রধানমন্ত্রী, খুশি কেউ না। মুজিবুর থাইকলে এ সমস্যা দাঁড়াইত না। আওয়ামী লীগের ভেতরকার কোন্দলে বহুত ক্ষতি হইব।[৫০]

মুক্তিযুদ্ধের পক্ষে অনেকেই প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। ওই সময় সর্বোচ্চ ত্যাগের জন্য তৈরি ছিলেন অনেকেই। এর পাশাপাশি ভিন্ন ছবিও পাওয়া যায়। এ ধরনের একটি অবাঞ্ছিত ঘটনা ঘটেছিল স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে। বেতার কেন্দ্রের কর্মকর্তা কামাল লোহানীর বক্তব্য থেকে জানা যায় :

> আমাদের সঙ্গে কর্মরত বন্ধুদের যাঁরা রেডিও পাকিস্তান থেকে এসেছেন, তাঁরা একসময় স্বাধীন বাংলা বেতারেরও পদমর্যাদা এবং বেতন দাবি করে বসলেন। সরকারের কাছে এ দাবি উপস্থাপন করে তাঁরা তিন দিন ধর্মঘট, অর্থাৎ কর্মবিরতি পালন করেছিলেন।...যেকোনো বিপ্লব বা মুক্তিযুদ্ধের সময় এমন আচরণ কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। কিন্তু স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে এই আচরণের জন্য কারও কোনো দণ্ড হয়নি।[৫১]

এপ্রিলে ভারতে বাংলাদেশ সরকার গঠিত হলো এবং মুক্তিযুদ্ধ চলছিল। একই সময় ইয়াহিয়ার সামরিক সরকার 'পূর্ব পাকিস্তানে' নিয়ন্ত্রণ বজায় রাখার জন্য একের পর এক সামরিক ও প্রশাসনিক পদক্ষেপ নিচ্ছিল। এই সময়জুড়ে প্রবাসী সরকারের মধ্যেও দেখা গেল নানান মত, নানান পথ, নানান ঝোঁক এবং নানান প্রবণতা।

আওয়ামী লীগ নেতাদের মধ্যেও অন্তর্দ্বন্দ্ব ছিল। ১১ সেপ্টেম্বর জাতীয় পরিষদ সদস্য এনায়েত হোসেন খানের সভাপতিত্বে খন্দকার মোশতাক আহমদ, শেখ ফজলুল হক মণি, আবদুর রব সেরনিয়াবাত ও শেখ আবদুল আজিজের সমর্থকদের এক অনানুষ্ঠানিক সভায় তাজউদ্দীন আহমদকে প্রধানমন্ত্রীর পদ থেকে অপসারণ এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের পদ থেকে পদত্যাগে বাধ্য করানোর সিদ্ধান্ত নেওয়া হয়।[৫২] মিজানুর রহমান চৌধুরী সরকারের ভেতরের কোন্দল সম্পর্কে বলেন :

মন্ত্রণালয়ের দপ্তর পাওয়া নিয়ে যে মতানৈক্য সৃষ্টি হয়েছিল, তা অনেক কষ্টে সমাধান করা হয়। বিশেষ করে মোশতাক ভাইকে পররাষ্ট্রমন্ত্রী করা নিয়ে মন-কষাকষি ছিল। যদিও মোশতাক ভাইকে পররাষ্ট্রমন্ত্রী তাঁর জেদের কারণেই করা হয়েছিল। এমনকি প্রধানমন্ত্রিত্ব নিয়েও নেতৃত্বের মধ্যে মতবিরোধ ছিল। ভেতরে ভেতরে মোশতাক ভাই ও হেনা ভাই (কামারুজ্জামান) চাননি যে তাজউদ্দীন ভাই প্রধানমন্ত্রী হন। তাঁরা উভয়েই আশা করেছিলেন, তাঁদের মধ্য থেকে একজন প্রধানমন্ত্রী হবেন। শেষ পর্যন্ত হেনা ভাইকে অতি কষ্টে মন্ত্রিসভায় যোগ দিতে সম্মত করাই।[৫৩]

নেতাদের মধ্যকার টানাপোড়েন সম্পর্কে আওয়ামী লীগ নেতা শেখ আবদুল আজিজের একটি ভাষ্য পাওয়া যায়। তাজউদ্দীন আহমদ প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ায় মিজানুর রহমান চৌধুরীকে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক করা হয়েছিল। দায়িত্ব পেয়েই মিজান চৌধুরী মুক্তিযুদ্ধের প্রধান কর্মস্থল কলকাতা ছেড়ে আগরতলা, দিল্লি প্রভৃতি শহরে গিয়ে সংগঠন-বহির্ভূত কাজে জড়িয়ে পড়েন। কংগ্রেস সরকারের বিরোধী জনসংঘ নেতা অটল বিহারি বাজপেয়ির সঙ্গে মিলে তিনি দিল্লিতে জনসভা করেছিলেন। বিষয়টি জেনে ইন্দিরা গান্ধী ক্ষুব্ধ হন এবং মিজান চৌধুরীকে ভারত থেকে বহিষ্কারের জন্য বাংলাদেশ সরকারকে অনুরোধ করেন। মিজান চৌধুরী বিপদ থেকে উদ্ধার পেতে শেখ আবদুল আজিজের শরণাপন্ন হন। তাজউদ্দীন মিজান চৌধুরীকে অব্যাহতি দিয়ে আওয়ামী লীগের সমাজকল্যাণ সম্পাদক কে এম ওবায়দুর রহমানকে সাধারণ সম্পাদকের দায়িত্ব দেন।[৫৪]

পাকিস্তানের 'অখণ্ডতা ও সংহতি' বজায় রাখা এবং 'সামরিক কর্তৃপক্ষের সঙ্গে জনগণের যোগাযোগ রক্ষার জন্য' ১৬ এপ্রিল সরকারিভাবে 'পূর্ব পাকিস্তান কেন্দ্রীয় শান্তি কমিটি' তৈরি করা হয়। ঢাকায় ১১৬ নম্বর বড় মগবাজার ছিল শান্তি কমিটির প্রধান অফিস। কমিটির কর্মকর্তাদের মধ্যে ছিলেন খাজা খয়েরুদ্দিন (আহ্বায়ক), মাওলানা নুরুজ্জামান (প্রচার সম্পাদক), নুরুল হক (দপ্তর সম্পাদক) এবং এ কিউ এম শরীফুল ইসলাম (কোষাধ্যক্ষ)। এ ছাড়া কেন্দ্রীয় কমিটিতে আরও ছিলেন অধ্যাপক গোলাম আযম, মাহমুদ আলী, আবদুল জব্বার খদ্দর, মাওলানা সিদ্দিক আহমদ, আবুল কাশেম, ইউসুফ আলী চৌধুরী (মোহন মিয়া), মাওলানা মোহাম্মদ মাসুম, আবদুল মতিন, আবদুল খালেক, ব্যারিস্টার আখতার উদ্দিন, পীর মোহসেন উদ্দিন (দুদু মিয়া), এ এস এম সোলায়মান, এ কে রফিকুল হোসেন, আতাউল হক খান, তোয়াহা বিন হাবিব, মেজর আফসারউদ্দিন, ইয়াহিয়া বাওয়ানী, হাকিম ইরতিজাউর রহমান আকুন-জাদা, সাত্তার কারওয়াদিয়া, আবু আহমদ শাহ ও মোহাম্মদ ভাই।[৫৫]

# বিজ্ঞপ্তি

সামরিক আইন কর্তৃপক্ষের নির্দ্দেশানুসারে সকল পলাতক ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট, ইষ্ট পাকিস্তান রাইফেল, পুলিশ বাহিনীর কর্মচারী ও অন্যান্য দুস্কৃতিকারীগণকে অবিলম্বে অস্ত্র-সস্ত্রসহ বা বিনা অস্ত্র-সস্ত্রে নিকটবর্ত্তী সামরিক আইন কর্ত্তৃপক্ষের নিকট আত্মসমর্পণ করিতে নির্দ্দেশ দেওয়া যাইতেছে। তাহারা স্বেচ্ছায় আত্মসমর্পণ করিলে সহানুভূতির দৃষ্টিতে বিবেচিত হইবেন। অন্যথায় তাহাদের এবং তাহাদের আত্মীয় স্বজনের বিরুদ্ধে সামরিক আইন মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হইবে।

সাব এড্‌মিনিষ্ট্রেটর মার্শাল ল
গোপালগঞ্জ।

---

সামরিক আইন কর্ত্তৃপক্ষের পক্ষে গোপালগঞ্জ মহকুমা প্রচার দফতর কর্ত্তৃক প্রকাশিত এবং ফরিদপুর ওরিয়েন্টাল প্রেসে মুদ্রিত।

মুক্তিযোদ্ধাদের আত্মসমর্পণের আহ্বান জানিয়ে পাকিস্তানি সামরিক কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি

২৬ মার্চের বেতার ঘোষণায় ইয়াহিয়া খান আওয়ামী লীগকে নিষিদ্ধ করেছিলেন। ৭ আগস্ট জাতীয় পরিষদে আওয়ামী লীগের ৭৯ জনের সদস্যপদ বাতিল করার ঘোষণা দেওয়া হয়। ১৯ আগস্ট প্রাদেশিক পরিষদে আওয়ামী লীগের ১৯৪ জনের সদস্যপদ বাতিল করা হয়।[৫৬]

ভারতে বাংলাদেশের প্রবাসী সরকারের কাজকর্মের সঙ্গে সমান্তরালভাবে চলছিল ভারত সরকারের নানান পরিকল্পনা ও দূতিয়ালি। বিশ্বজুড়ে গণমাধ্যমে 'বাংলাদেশ' সংবাদ শিরোনাম হচ্ছিল। একটি বিষয় গণমাধ্যমে বিশেষ করে প্রচার পাচ্ছিল। আর তা হলো, পাকিস্তানি সেনাদের নির্যাতন, হত্যা এবং অসংখ্য

উদ্বাস্তুর সীমান্ত পেরিয়ে ভারতে আশ্রয় নেওয়া। এই প্রচারের সূত্রপাত ঘটান ঢাকার মার্কিন কনস্যুলেটের প্রধান আর্চার ব্লাড। তিনি ২৮ মার্চ ওয়াশিংটনে পররাষ্ট্র দপ্তরে 'সিলেকটিভ জেনোসাইড' শিরোনামে কয়েকটি তারবার্তা পাঠিয়েছিলেন। ব্লাড এ প্রসঙ্গে বলেন :

> যদ্দুর জানি, প্রথমবার শব্দটি ব্যবহার করা হয়। হতাশা ও ক্ষোভ থেকেই বার্তাটি পাঠানো হয়েছিল। যারা নৃশংস সামরিক অভিযানের শিকার, তিন দিন ধরে আমরা ওয়াশিংটন আর ইসলামাবাদে তাদের সম্পর্কে তথ্য পাঠিয়েছি। কিন্তু জবাবে পেয়েছি শুধু নীরবতা।[৫৭]

মার্কিন নীতির প্রতিবাদ জানিয়ে আর্চার ব্লাড ৬ এপ্রিল ঢাকা থেকে ওয়াশিংটনে আরেকটি তারবার্তা পাঠান। কনস্যুলেটের কূটনীতিকসহ উন্নয়ন ও তথ্য বিভাগের ২০ জন মার্কিন কর্মকর্তার সই করা এই তারবার্তা 'ব্লাড টেলিগ্রাম' নামে পরিচিতি পায়। যুক্তরাষ্ট্র চেয়েছিল রাজনৈতিক সমাধান। কিন্তু জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হেনরি কিসিঞ্জারের পরামর্শে পররাষ্ট্র দপ্তর নীরব থাকার সিদ্ধান্ত নেয়।[৫৮]

১৩ জুন লন্ডনের *দ্য সানডে টাইমস* করাচির দৈনিক *মর্নিং নিউজ*-এর সহকারী সম্পাদক এন্থনি মাসকারেনহাসের একটা প্রতিবেদন ছাপে। প্রতিবেদনে বাংলাদেশে পাকিস্তানি সৈন্যদের গণহত্যার বিবরণ ছাপা হয়। খবরটি পশ্চিমা বিশ্বে হইচই ফেলে দেয়। মাসকারেনহাসের এই প্রতিবেদন পাঠানোর পটভূমি জানা যায় সাংবাদিক আমানউল্লাহর বর্ণনায় :

> টনি (এন্থনি মাসকারেনহাস) এসেছে, ক্র্যাকডাউনের ঠিক পরপর। সঙ্গে আলতাফ জাওয়ারসহ আরও তিন-চারজন পাকিস্তানি সাংবাদিক। আলতাফ এপিপিতে আমার সিনিয়র ছিল। সে এসেই আমাকে খোঁজ করেছে। আমি তো তখন চাকরিতে নাই। ডেনজারাস টাইম। ইন্টারকন্টিনেন্টালে গেছি। পুরোনো বন্ধু-টন্ধু যদি আসে পাকিস্তান থেকে, দেখা হবে। গিয়ে দেখি ওদের। আলতাফ বলে, 'আরে ইয়ার উই আর লুকিং ফর ইউ, ক্যায়সা হ্যায় তুম?' টনি আমাকে দেখে বলে যে, 'আমান, ভেরি গুড, উই আর হিয়ার। উইথ হুম ইউ আর ওয়ার্কিং?' আমি ওকে বললাম, দেখো, আমি একজন সাংবাদিক। কিন্তু আমি একজন বাঙালিও। এখন কাজ করা একেবারেই নিরাপদ নয়, সে জন্য কাজ ছেড়ে দিয়েছি। বন্ধু হিসেবে তোমাদের দেখতে এসেছি।
>
> একজন বোকার মতো বলেছে, 'হামলোগকো লে চলো।' বললাম, এ কেমন কথা? তোমাদের সঙ্গে গিয়ে আমি কি বিপদে পড়ব? শেষকালে রাজি হলাম। ওরা খুব ইনসিস্ট করছে যে, কোন কোন জায়গায় কী হয়েছে, সেখানে নিয়ে যেতে। মোহাম্মদপুরের ওই দিকে, রায়েরবাজার।
>
> একটা ট্রাক নিয়েছে। বললাম, আমি ট্রাকের মেঝেতে বসব, যাতে বাইরে থেকে আমাকে কেউ না দেখে। দ্বিতীয় শর্ত হলো, যা-ই লেখো, আমার নাম

37 POL 1 PAK-US

Department of State **TELEGRAM**

CONFIDENTIAL 084

Dacca 1138 4-6-71

PAGE 01 DACCA 01138 061008Z

21
ACTION NEA-08

INFO OCT-01 SS-20 AID-12 USIE-00 NSC-10 NSCE-00 CIAE-00
INR-07 SSO-00 RSR-01 RSC-01 /060 W
092431

P 060730Z APR 71
FM AMCONSUL DACCA
TO SECSTATE WASHDC PRIORITY 3124
AMEMBASSY ISLAMABAD
INFO AMCONSUL KARACHI
AMCONSUL LAHORE

C O N F I D E N T I A L DACCA 1138
LIMDIS
SUBJ DISSENT FROM U.S. POLICY TOWARD EAST PAKISTAN

JOINT STATE/AID/USIS MESSAGE

1. AWARE OF THE TASK FORCE PROPOSALS ON "OPENESS" IN
THE FOREIGN SERVICE, AND WITH THE CONVICTION THAT U.S.
POLICY RELATED TO RECENT DEVELOPMENTS IN EAST PAKISTAN
SERVES NEITHER OUR MORAL INTERESTS BROADLY DEFINED NOR
OUR NATIONAL INTERESTS NARROWLY DEFINED, NUMEROUS OFFICERS
OF AMCONGEN DACCA, USAID DACCA AND USIS DACCA CONSIDER
IT THEIR DUTY TO REGISTER STRONG DISSENT WITH FUNDAMENTAL
ASPECTS OF THIS POLICY. OUR GOVERNMENT HAS FAILED TO
DENOUNCE THE SUPPRESSION OF DEMOCRACY. OUR GOVERNMENT
HAS FAILED TO DENOUNCE ATROCITIES. OUR GOVERNMENT HAS
FAILED TO TAKE FORCEFUL MEASURES TO PROTECT ITS CITIZENS
WHILE AT THE SAME TIME BENDING OVER BACKWARDS TO PLACATE
THE WEST PAK DOMINATED GOVERNMENT AND TO LESSEN LIKELY
AND DERSERVEDLY NEGATIVE INTERNATIONAL PUBLIC RELATIONS
IMPACT AGAINST THEM. OUR GOVERNMENT HAS EVIDENCED WHAT
MANY WILL CONSIDER MORAL BANKRUPTCY, IRONICALLY AT A
TIME WHEN THE USSR SENT PRESIDENT YAHYA A MESSAGE DEFEND-
ING DEMOCRACY, CONDEMNING ARREST OF LEADER OF DEMOCRATI-
CALLY ELECTED MAJORITY PARTY (INCIDENTALLY PRO-WEST) AND
CALLING FOR END TO REPRESSIVE MEASURES AND BLOODSHED.
IN OUR MOST RECENT POLICY PAPER FOR PAKISTAN, OUR IN-
TERESTS IN PAKISTAN WERE DEFINED AS PRIMARILY HUMANI-

CONFIDENTIAL

'ব্লাড টেলিগ্রাম'খ্যাত আর্চার ব্লাডের তারবার্তার প্রথম পৃষ্ঠা, যা ৬ এপ্রিল ঢাকা থেকে ওয়াশিংটনে মার্কিন পররাষ্ট্র দপ্তরে পাঠানো হয়েছিল

> উল্লেখ করবে না। বলে, 'ইয়েস।' তারপর ওই রায়েরবাজার আর কোন কোন জায়গায় গেছি। টনির রিপোর্টে কোথাও আমার কথা বলেনি। সে কথা রেখেছিল। আমি ওদের সঙ্গে ট্রাকের ফ্লোরে বসা ছিলাম, যাতে বাইরে থেকে কেউ না দেখে।[৫৯]

বাংলাদেশ থেকে বানের জলের মতো শরণার্থী ভারতে ঢুকছিল। জুন মাসে গড়ে প্রতিদিন ১ লাখ ৫৪ হাজার বাঙালি উদ্বাস্তু সীমান্ত পাড়ি দিচ্ছিল। জুলাই

মাসে এই সংখ্যা দাঁড়ায় দৈনিক ২১ হাজার। ২৪ মে নিক্সনকে লেখা চিঠিতে ইয়াহিয়া অনুযোগ করেন, রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য মানবিক সমস্যাকে পুঁজি করার কোনো যুক্তি নেই। ভারত পূর্ব পাকিস্তান আক্রমণের ছুতো খুঁজছে। ২৮ জুন এক ভাষণে ইয়াহিয়া শরণার্থীদের ফিরে আসার আহ্বান জানিয়ে বলেন, একটি নতুন সংবিধান এবং পূর্ব পাকিস্তানের জন্য নতুন একটি সরকার গঠন করা হবে।[৬০]

ইয়াহিয়া খান ১২ আগস্ট ডা. আবদুল মোতালেব মালেককে পূর্ব পাকিস্তানের গভর্নর নিয়োগ করেন। ডা. মালেক একটি অসামরিক মন্ত্রিসভা গঠন করেন। তাঁর মন্ত্রিসভায় ছিলেন আবুল কাসেম ও নওয়াজেশ আহমাদ (কাউন্সিল মুসলিম লীগ), আখতারউদ্দিন আহমদ (কনভেনশন মুসলিম লীগ), মুজিবুর রহমান (কাইয়ুম-সবুর মুসলিম লীগ), আব্বাস আলী খান ও এ কে এম ইউসুফ (জামায়াতে ইসলামী), মাওলানা ইসহাক (নেজামে ইসলাম), ওবায়দুল্লাহ মজুমদার ও অধ্যাপক শামসুল হক (আওয়ামী লীগ), এ এস এম সোলায়মান (কৃষক-শ্রমিক পার্টি), জসিমউদ্দিন ও এ কে মোশাররফ হোসেন (পিডিপি) এবং মং সু প্রু চৌধুরী (পার্বত্য চট্টগ্রাম)।[৬১]

নিক্সন ইয়াহিয়ার দেখভাল করার পক্ষে ছিলেন। শরণার্থী সমস্যা দিন দিন বাড়ছিল এবং তা উপেক্ষা করা সম্ভব ছিল না। নিক্সন ইয়াহিয়ার বিরুদ্ধে কোনো পদক্ষেপ নিতে চাননি। কিসিঞ্জার নিক্সনকে পরামর্শ দেন, 'আপনি বলুন, শরণার্থীরা শিগগিরই পূর্ব পাকিস্তানে ফিরে আসতে পারবে। ইয়াহিয়া তখন জবাবে বলবে সে এটিই চায়। মার্কিন দূতাবাসের সঙ্গে আমি সব ব্যবস্থা করে রেখেছি। আপনি ভারতকে সংযত থাকতে বলুন, আমি ইয়াহিয়াকে খোশমেজাজে রাখব।' নিক্সন বেশ তিক্ততার সঙ্গে বলেন, 'ভারতীয়দের দরকার একটি...।' কিসিঞ্জারের তড়িৎ জবাব, 'তারা এমনই বেজন্মা।' নিক্সন কথা শেষ করলেন এই বলে, 'একটি সর্বব্যাপী দুর্ভিক্ষ (দরকার)।'[৬২]

ভারত শরণার্থীদের নিয়ে হিমশিম খাচ্ছিল। দরিদ্র দেশটির ওপর এটি ছিল বিরাট এক বোঝা। উদ্বাস্তুদের খরচ মেটানোর জন্য যুক্তরাষ্ট্র সাত কোটি ডলার সাহায্যের প্রতিশ্রুতি দেয়। নিক্সনের মনে হলো, ৩০ লাখ উদ্বাস্তুর জন্য এই টাকা নিতান্তই সামান্য। আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি পেয়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সরদার শরণ সিং ভেবেছিলেন, যুক্তরাষ্ট্র এবার বোধ হয় ইয়াহিয়ার ওপর চাপ প্রয়োগ করবে। কিন্তু তা হয়নি। ২২ জুন *নিউইয়র্ক টাইমস* প্রথম পাতায় একটি খবর ছাপল : সামরিক যন্ত্রাংশ এবং আটটি যুদ্ধবিমান নিয়ে একটি পাকিস্তানি জাহাজ নিউইয়র্ক বন্দর ছেড়ে যাওয়ার জন্য তৈরি। সাঁজোয়া বাহিনীর জন্য যন্ত্রাংশ নিয়ে আরেকটি জাহাজ মে মাসেই

ভারতে আশ্রয় নিয়েছিল এক কোটি উদ্বাস্তু

রওনা দিয়ে ইতিমধ্যে করাচির খুব কাছাকাছি পৌঁছে গেছে। মার্কিন কংগ্রেসের তদন্ত দপ্তরের তথ্য অনুযায়ী, সাড়ে তিন কোটি ডলার মূল্যের সামরিক সরঞ্জাম ২৫ মার্চের আগেই পাঠানোর কথা ছিল। কিসিঞ্জারের লোকেরা বলেছিল, 'আমাদের সামরিক সরবরাহ পশ্চিম পাকিস্তানের জন্য মনস্তাত্ত্বিক ও বাস্তবতার দিক থেকে খুবই গুরুত্বপূর্ণ। যুদ্ধ ঠেকিয়ে রাখার জন্য পাকিস্তানকে অস্ত্র সরবরাহ করে যেতে হবে।'[৬৩]

ডেমোক্র্যাট দলের সিনেটর ফ্রাংক চার্চ কোস্ট গার্ড পাঠিয়ে মার্কিন সমুদ্রসীমার মধ্য থেকে অস্ত্রবাহী জাহাজটি ধরে আনতে নিক্সনকে অনুরোধ করেন। আরেক ডেমোক্র্যাট সিনেটর এডওয়ার্ড কেনেডি নিক্সন প্রশাসনের 'নীরবতা ও আত্মসন্তুষ্টি' দেখে ক্ষোভ জানিয়ে বলেন, এটি বিবেকবর্জিত কাজ।[৬৪]

বেশ কিছুদিন ধরেই যুক্তরাষ্ট্র চীনের সঙ্গে সম্পর্ক তৈরি করার জন্য মরিয়া হয়ে উঠেছিল। দূতিয়ালি করছিলেন হেনরি কিসিঞ্জার। মাধ্যম হিসেবে বেছে নিয়েছিলেন পাকিস্তানকে। প্রেসিডেন্ট ইয়াহিয়া খানকে যুক্তরাষ্ট্রের তখন খুব প্রয়োজন। যোগাযোগ হচ্ছিল গোপনে। কিসিঞ্জার বলেছিলেন, ইয়াহিয়াকে যেভাবেই হোক ছয় মাসের জন্য টিকিয়ে রাখতে হবে। বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট ও সাবেক মার্কিন প্রতিরক্ষামন্ত্রী রবার্ট ম্যাকনামারাকে কিসিঞ্জার বলেছিলেন, 'আমাদের ছয় মাসের সময় দরকার, কিংবা তার চেয়েও কম, তিন মাসের জন্য এদের (ইয়াহিয়াকে) দরকার। তারপর আমরা দয়া দেখাব।'[৬৫]

দুনিয়াজুড়ে বাংলাদেশের গণহত্যা নিয়ে সংবাদ ছাপা হচ্ছিল। মার্কিন পররাষ্ট্র দপ্তর জুনের শেষ দিকে জানায়, পূর্ব পাকিস্তানে কমপক্ষে দুই লাখ লোক মারা গেছে। বিশ্বস্ত কূটনৈতিক সূত্রের বরাত দিয়ে *নিউইয়র্ক টাইমস*-এ সিডনি শনবার্গের রিপোর্টে পাকিস্তান সেনাবাহিনীর হাতে কমপক্ষে দুই লাখ বাঙালি নিহত হওয়ার খবর ছাপা হয়।[৬৬] তা সত্ত্বেও ইয়াহিয়ার প্রতি নিক্সন প্রশাসনের ভালোবাসার কমতি ছিল না। নিক্সন মনে করতেন, 'ইয়াহিয়া একজন ভালো মানুষ। হাজার মাইলের দূরত্বে একটি দেশের দুই অংশকে একসঙ্গে রাখার কঠিন কাজটি করে যাচ্ছেন তিনি।'[৬৭]

ভারতের হিসাব অনুযায়ী, সেপ্টেম্বরের শেষে শরণার্থীর সংখ্যা ৮০ লাখে দাঁড়ায়। শিশুদের অবস্থা ছিল শোচনীয়। শরণার্থীদের মধ্যে দুই বছরের নিচে শিশু ছিল ১২ লাখ। এদের মৃত্যুহার ছিল অভিবাসী অন্য শিশুদের তুলনায় পাঁচ গুণ বেশি। বাঙালি মাত্রেই পাকিস্তানিদের আক্রমণের লক্ষ্য ছিল। তবে হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধেই আক্রোশ ছিল বেশি। মোট ৮০ লাখ ৪৫ হাজার শরণার্থীর মধ্যে ৭১ লাখ ২০ হাজার ছিল 'হিন্দু'।[৬৮]

নিক্সন প্রশাসন পাকিস্তানের পক্ষে যতই ওকালতি করুক না কেন, গণমাধ্যমের কল্যাণে মার্কিন জনমত বাংলাদেশের ব্যাপারে সহানুভূতিশীল হয়ে উঠছিল। এ সময় দৃশ্যপটে হাজির হন জনপ্রিয় গায়ক জর্জ হ্যারিসন। প্রথাবিরোধী ব্যান্ড 'বিটলসের' এই সাবেক তারকার সঙ্গে ভারতীয় সেতারবাদক রবিশঙ্করের ঘনিষ্ঠতা ছিল। হ্যারিসন রবিশঙ্করের কাছে ছয় সপ্তাহ সংগীতের তালিম নিয়েছিলেন। রবিশঙ্কর বাংলাদেশের জন্য একটি কনসার্টের উদ্যোগ নেন। হ্যারিসন তাতে সাড়া দেন। আগস্টের প্রথম দিন নিউইয়র্কের ম্যানহাটান এলাকায় ম্যাডিসন স্কয়ার গার্ডেনে আয়োজন করা হলো 'কনসার্ট ফর বাংলাদেশ'। হ্যারিসন আরও কয়েকজন সঙ্গী পেলেন—ড্রামবাদক রিংগো স্টার, রক গায়ক বব ডিলান, বিলি প্রেস্টন, লিয়ন রাসেল, গিটারবাদক এরিক ক্ল্যাপটন, রবিশঙ্করসহ কয়েকজন ভারতীয় শিল্পী। তরুণ দর্শক-শ্রোতারা গান শুনতেই এসেছিলেন। রবিশঙ্কর বাঙালিদের কষ্টের বর্ণনা দেন। গানের ফাঁকে ফাঁকে শরণার্থী শিবিরগুলোর দুরবস্থা এবং অনাহারে মরে যাওয়া শিশুদের ভিডিও দেখানো হয়। *ভিলেজ ভয়েস* পত্রিকায় সংবাদ ছাপা হয়েছিল, 'কর অবকাশ পাওয়া কয়েকটি ডলার খরচ করতে আসা মানুষের বিবেক জাগিয়ে তোলার জন্য এটি ছিল একটি মহৎ চেষ্টা।'[৬৯]

শুরুতেই রবিশঙ্কর, উস্তাদ আলী আকবর খান এবং উস্তাদ আল্লারাখা খান বাজালেন 'বাংলা ধুন'। বব ডিলান গাইলেন 'আ হার্ড রেইনস আ গনা ফল' এবং 'ব্লোইন ইন দ্য উইন্ড'-এর মতো গান। যেন নিক্সনকে ইঙ্গিত করে পরম আবেগে গেয়ে উঠলেন :

যুক্তরাষ্ট্রের বাংলাদেশ-নীতির প্রতিবাদে নয়াদিল্লিতে মার্কিন দূতাবাসের সামনে উইমেন্স ইন্টারন্যাশনাল ডেমোক্রেটিক ফেডারেশনের সদস্যদের অনশন ধর্মঘট। দৈনিক *প্যাট্রিয়ট*-এ প্রকাশিত ছবিতে ফ্রিডা ব্রাউন, মতিয়া চৌধুরী, মালেকা বেগমসহ অংশগ্রহণকারীবৃন্দ

হাউ মেনি ডেথ্স উইল ইট টেক টিল হি নোওজ
টু মেনি পিপ্‌ল হ্যাভ ডাইড?

সবার শেষে জর্জ হ্যারিসন গাইলেন :

বাংলাদেশ, বাংলাদেশ
সাচ আ গ্রেট ডিজাস্টার, আই ডোন্ট আন্ডারস্ট্যান্ড
বাট ইট সিওর লুকস লাইক আ মেস
আই হ্যাভ নেভার নোন সাচ ডিসট্রেস।

কনসার্টটি ছিল পুরোপুরি সফল। বেলা আড়াইটায় কনসার্টটি শুরু হয়। ওই দিন রাত আটটায় দ্বিতীয়বারের মতো কনসার্টটি অনুষ্ঠিত হয়েছিল।

কনসার্টের টিকিট বিক্রি করে সংগঠকেরা ২০ হাজার ডলার জোগাড়ের আশা করেছিলেন। কিন্তু প্রায় আড়াই লাখ ডলার পাওয়া গিয়েছিল টিকিট বিক্রি করে। পুরো টাকাটাই ইউনিসেফের ত্রাণ তহবিলে জমা দেওয়া হয়।[৭০]

জোয়ান বায়েজ এর আগে ভিয়েতনাম, আর্জেন্টিনা, কম্বোডিয়া আর দক্ষিণ আফ্রিকার নিপীড়িত মানুষের প্রতি সংহতি জানিয়ে গান গেয়েছিলেন। স্ট্যামফোর্ড আর মিশিগান বিশ্ববিদ্যালয়ে আয়োজিত কনসার্টে তিনি গাইলেন 'সং ফর বাংলাদেশ'।[৭১]

প্রবাসী সরকারের প্রতিনিধিদের সঙ্গে যুক্তরাষ্ট্র সরকারের যোগাযোগ ঘটেছিল ১৯৭১ সালের এপ্রিলেই। 'স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ'কে স্বীকৃতি দেওয়ার আহ্বান জানিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রিচার্ড নিক্সনকে লেখা

বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম ও পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক আহমদের সই করা একটি চিঠি ২৪ এপ্রিল (১৯৭১) পশ্চিম বার্লিন থেকে সাধারণ 'এয়ার মেইল' ডাকে পাঠানো হয়েছিল। চিঠিটি স্টেট ডিপার্টমেন্টের রেকর্ড সার্ভিস ডিভিশনে তালিকাভুক্ত করা হয়। তবে যুক্তরাষ্ট্র সরকার এই চিঠির প্রাপ্তিস্বীকার করেনি।[৭২]

মুজিবনগর সরকারের পক্ষ থেকে ইয়াহিয়া খানের সঙ্গেও যোগাযোগ করা হয়েছিল। জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে কলকাতায় সত্তরের নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যদের এক সমাবেশে বাংলাদেশের জাতীয় পরিষদের ১১০ জন এবং প্রাদেশিক পরিষদের ২০০ জন সদস্য উপস্থিত ছিলেন। বক্তৃতায় ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম বলেছিলেন :

> ...পরিপূর্ণ স্বাধীনতা আমাদের লক্ষ্য। স্বাধীন সার্বভৌম বাংলার বিকল্প কোনো প্রস্তাব আপনাদের কাছে, বাংলার মানুষের কাছে গ্রহণযোগ্য নয়। তৎসত্ত্বেও ইয়াহিয়া খান সাহেবের কাছে বলেছিলাম, আহ্বান জানিয়েছিলাম যুদ্ধ বন্ধ করুন। আমরা দশ লক্ষ মরেছি, তোমার ১৫ হাজার সেনাকে তো ইতিমধ্যে মুক্তিবাহিনীর লোকেরা খতম করেছে।...তাই যুদ্ধ বন্ধ করে শান্তিপূর্ণ উপায়ে সমস্যা সমাধান করো।

কনসার্ট ফর বাংলাদেশ-এর একটি পোস্টার

(১) বাংলার স্বাধীনতা স্বীকার করো। (২) বঙ্গবন্ধুকে মুক্তি দাও। (৩) সমস্ত সেনাবাহিনী প্রত্যাহার করো। আর (৪) যে ক্ষতি করেছ তার ক্ষতিপূরণ দাও। এই চার শর্ত আমি দিয়েছিলাম শান্তিপূর্ণ মীমাংসার জন্য। ইয়াহিয়া খান প্রত্যুত্তর দিয়েছেন, ২৮ জুন তারিখে। ২৮-এর পর থেকে শান্তিপূর্ণ আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের পথ রুদ্ধ হয়েছে। এখন বাংলার ভবিষ্যৎ নির্ধারিত হবে বাংলার মাঠে, প্রান্তরে, পদ্মা, মেঘনা, যমুনার কূলে যুদ্ধের মাধ্যমে।[৭৩]

পাকিস্তানের অখণ্ডতা মেনে নেবেন, এ রকম বাঙালি রাজনীতিকদের সঙ্গে পাকিস্তানি কর্মকর্তাদের একটি গোপন বৈঠকের সম্ভাবনাকে ইয়াহিয়া স্বাগত জানিয়েছিলেন। নিক্সন প্রশাসন আওয়ামী লীগের মধ্যে এ ধরনের প্রভাবশালী প্রতিনিধির খোঁজ করেছিল। ইয়াহিয়া আলোচনায় আগ্রহী, এমন একটি বার্তা বাংলাদেশের প্রবাসী সরকারের হাতে পৌঁছে দেওয়ার জন্য কলকাতার মার্কিন কনস্যুলেটকে দায়িত্ব দেওয়া হয়।[৭৪]

কলকাতার মার্কিন কনস্যুলেট অফিসের পলিটিক্যাল অফিসার জর্জ বি গ্রিফিনের সঙ্গে আওয়ামী লীগ নেতা ও জাতীয় পরিষদের সদস্য কাজী জহিরুল কাইয়ুমের প্রথম যোগাযোগ হয়। ৩১ জুলাই গ্রিফিনের সঙ্গে দেখা করে তিনি বলেন, বাংলাদেশ সরকারের পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক আহমদ কথা বলার জন্য তাঁকে মনোনীত করেছেন। মোশতাক অবশ্য বিষয়টি পরে অস্বীকার করেছিলেন। কাইয়ুম গ্রিফিনকে বলেছিলেন, আওয়ামী লীগ নেতারা এখনো পশ্চিম পাকিস্তানের সঙ্গে একটি রাজনৈতিক মীমাংসা চান এবং যুদ্ধ কোনো সমাধান নয়।

৭ আগস্ট কাইয়ুম আবার গ্রিফিনের সঙ্গে দেখা করে দুটি বিষয়ের ওপর গুরুত্ব দিয়ে বলেন, কেবল যুক্তরাষ্ট্রই একটি সফল সমঝোতার ব্যবস্থা করতে পারে এবং এই সমঝোতা-প্রক্রিয়ায় শেখ মুজিবকে রাখতে হবে। ইয়াহিয়া যদি মুজিবকে মৃত্যুদণ্ড দেন, আপস-মীমাংসার পথ একেবারে বন্ধ হয়ে যাবে। কাইয়ুম আরও বলেন, মন্ত্রিসভাসহ আওয়ামী লীগ নেতাদের জনগণের ওপর কোনো নিয়ন্ত্রণ নেই এবং যদি মুজিবের কিছু হয়, তাহলে তাঁরা কোনো চুক্তিতে আসতে পারবেন না। কিন্তু মুজিব নিজেই যদি সমঝোতা করেন, বাঙালিরা তা মেনে নেবে, যদি আগের অবস্থায়ও ফিরে যেতে হয়। কাইয়ুম বলেন, এ জন্য যুক্তরাষ্ট্রকে তার ক্ষমতা দিয়ে মুজিবের নিরাপত্তার নিশ্চয়তা দিতে হবে। তিনি আরও বলেন, তাঁদের এই আলোচনা যেন পাকিস্তান সরকারকে জানানো হয় এবং অনুকূল পরিস্থিতি সাপেক্ষে ও নিরাপত্তার আশ্বাস পেলে মোশতাক এবং তিনি আলোচনার জন্য পাকিস্তানে যাবেন। মোশতাক মার্কিন কর্মকর্তাদের সঙ্গে কথা বলতে চান, কিন্তু জানেন না কীভাবে এর ব্যবস্থা হবে।[৭৫]

বাংলাদেশের রাজনীতিবিদদের সঙ্গে পাকিস্তানের যোগাযোগের ব্যাপারে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায় পাকিস্তানের পররাষ্ট্রসচিব সুলতান খানের ভাষ্যে। কিসিঞ্জারের পরামর্শে নিক্সন পরিস্থিতি 'স্বাভাবিক' করার উদ্যোগ নেন। তিনি ইয়াহিয়া খানকে বলেন যে কলকাতায় আওয়ামী লীগ নেতাদের সঙ্গে সংলাপ শুরু করা দরকার এবং তাঁদের একটি দলকে নিরাপত্তা দিয়ে রাওয়ালপিন্ডিতে নিয়ে আসা উচিত, যাতে তাঁরা শেখ মুজিবের সঙ্গে কথা বলে একটি সমাধান বের করতে পারেন। এর ফলে স্বাভাবিকভাবেই স্বাধীন বাংলাদেশের উদ্ভব হবে। তবে এতে ভারতীয় হস্তক্ষেপ এড়ানো যাবে এবং রক্তপাত কমবে।[৭৬]

১২ আগস্ট ইসলামাবাদে মার্কিন দূতাবাস সতর্কবার্তা জানিয়ে বলে, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের প্রতিনিধিদের মধ্যে যোগাযোগ পাকিস্তানের জন্য খুব স্পর্শকাতর এবং এটিকে যত কম গুরুত্ব দেওয়া যায়, ততই মঙ্গল। ১৬ আগস্ট বাংলাদেশের মন্ত্রিসভার বৈঠকে মার্কিন কনস্যুলেটের সঙ্গে কাইয়ুমের যোগাযোগের বিষয় নিয়ে আলোচনা হয়। কাইয়ুম এরপর একাধিকবার জর্জ গ্রিফিনের সঙ্গে দেখা করেন। তত দিনে কলকাতায় অবস্থিত বাংলাদেশ সরকার একটি অবস্থান নিয়ে ফেলেছে। সরকারের অবস্থান হলো, একমাত্র মুজিবই পাকিস্তানের সঙ্গে 'ডিল' করবেন। মন্ত্রিসভার সিদ্ধান্ত মোতাবেক ইয়াহিয়াকে (ক) শেখ মুজিবকে মুক্তি দিতে হবে; এবং (খ) জাতীয় ও প্রাদেশিক পরিষদের সব সদস্যসহ বাংলাদেশ আন্দোলনের সঙ্গে যুক্ত সবার প্রতি সাধারণ ক্ষমা ঘোষণা করতে হবে।[৭৭] মন্ত্রিসভার এই অবস্থান ছিল প্রকারান্তরে ২৫ মার্চের আগের পরিস্থিতিতে ফিরে যাওয়া।

মুজিবনগর সরকারের সামর্থ্য নিয়ে ইন্দিরা গান্ধীর সংশয় ছিল। বিশেষ করে আওয়ামী লীগ ছাড়া অন্যান্য রাজনৈতিক দল ও নির্দলীয় লোকদের সঙ্গে বাংলাদেশ সরকারের অসহযোগিতার বিষয়টি নিয়ে ভারত সরকার দুশ্চিন্তায় ছিল। আওয়ামী লীগ তার রাজনৈতিক প্রত্যয়নপত্র ছাড়া কাউকে গেরিলা প্রশিক্ষণ দিতে চায়নি। ইন্দিরার মুখ্যসচিব পি এন হাকসার সব দলকে নিয়ে একটি জাতীয়ভিত্তিক কর্মসূচি গ্রহণ করতে তাজউদ্দীনকে বলার জন্য ইন্দিরাকে অনুরোধ করেন।[৭৮]

২৮ আগস্টের বৈঠকে তাজউদ্দীন ছাড়া বাংলাদেশের মন্ত্রিসভার সব সদস্য পাকিস্তানের সঙ্গে সমঝোতার ব্যাপারে একমত হন। ওই দিন ভারতের পররাষ্ট্রনীতি পরিকল্পনার চেয়ারম্যান দুর্গা প্রসাদ ধরের সঙ্গে বাংলাদেশের মন্ত্রিসভার কয়েকটি বৈঠক হয়। ডি পি ধর একটি সর্বদলীয় উপদেষ্টা কমিটি তৈরি করার জন্য চাপ দেন। ধরের চেষ্টা ছিল মস্কোপন্থী ন্যাপ ও কমিউনিস্ট পার্টি যাতে বাংলাদেশ সরকারের নীতিনির্ধারণে ভূমিকা রাখতে পারে। ৮ সেপ্টেম্বর ভারতীয় পত্রপত্রিকায় সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠনসংক্রান্ত একটি খবর ছাপা

হয়। উপদেষ্টা পরিষদের সদস্যদের মধ্যে ছিলেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, মন্ত্রিসভার সব সদস্য, মওলানা ভাসানী, অধ্যাপক মোজাফফর আহমদ, মণি সিংহ ও মনোরঞ্জন ধর।[৭৯]

আওয়ামী লীগ ভারতের সমর্থন নিয়ে এককভাবে মুক্তিযুদ্ধ পরিচালনা করতে চেয়েছিল। অস্থায়ী সরকারের প্রতি সব মানুষের সমর্থন ও অংশগ্রহণ আছে কি না, এটি প্রমাণ করার জন্য অস্থায়ী সরকার 'তড়িৎগতিতে অদৃশ্য স্থান থেকে মওলানা ভাসানীকে একটি অকেজো পরামর্শদাতা কমিটির নাম করে বিশেষভাবে আহূত এক গোপন বৈঠকে উপস্থিত করে।' বৈঠকের সময় মন্ত্রিসভার

বাংলা দেশ আওয়ামী লীগ

মুজিবনগর

সভাপতি :
শেখ মুজিবুর রহমান

পূর্ব সূত্র............ তাং..................

1) Development of International Political Trend — in respect of Bangladesh

2) Defence Deptt. —
(a) EBR, EPR, ANS, MUJHD, POLICE
(b) Training facility.
(c) Weapons
(d) Ration
(e) Tents.
(f) Allowance.
(g) Medical cover.
(i) ADS
(ii) AMBULANCE
(iii) HOSPITAL

3) MEDICAL DEPTT: —

4) EDUCATION —

5) INFORMATION AND BROADCASTING: —

6) GENL ADMN: — (i) Zonal Council

7) Postage

সহ সভাপতি :
সৈয়দ নজরুল ইসলাম
মোঃ মনসুর আলী
খন্দকার মোশতাক আহ্‌মদ

সাধারণ সম্পাদক :
তাজউদ্দীন আহ্‌মদ

মুক্তিযুদ্ধ চলাকালে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের হাতে লেখা তারিখবিহীন নোট

সদস্যপরিবেষ্টিত মওলানা ভাসানীর ছবি তোলা হয়। এই ছবি ছিল অস্থায়ী সরকারের কাছে মহামূল্যবান দলিল।[৮০]

২৩ সেপ্টেম্বর কাইয়ুম গ্রিফিনের সঙ্গে দেখা করে বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের গোপন যোগাযোগের বিষয়টি ভারত সরকার জেনে গেছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা অশোক রায় ২১ সেপ্টেম্বর সৈয়দ নজরুল ইসলামকে এ ব্যাপারে জিজ্ঞেস করলে নজরুল তা স্বীকার করেন। অশোক রায় নজরুলকে সতর্ক করে দিয়ে বলেন, কনস্যুলেটের পলিটিক্যাল অফিসারটি খুবই ধূর্ত এবং সে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম ও বাংলাদেশের নীতিকে প্রভাবিত করতে পারে। এ ধরনের যোগাযোগের ব্যাপারে ভারত সরকারের কোনো আপত্তি নেই। তবে তার পরামর্শ হলো, এ ধরনের বৈঠক ভারতের মাধ্যমেই হওয়া উচিত। পরে নজরুল ইসলাম অশোক রায়ের মন্তব্য নিয়ে কাইয়ুমের সঙ্গে কথা বলেন। তাঁরা সিদ্ধান্ত নেন, অশোক রায় পছন্দ করুক বা না করুক, নজরুল ইসলাম পলিটিক্যাল অফিসারের সঙ্গে কথা বলবেন।[৮১]

নয়াদিল্লিতে *টাইম* ম্যাগাজিনের ব্যুরোপ্রধান ভ্যান কগিন ২৬ সেপ্টেম্বর খন্দকার মোশতাক আহমদের একটি সাক্ষাৎকার নিয়েছিলেন। ওই সময় মোশতাক কগিনের কাছে পরামর্শ চেয়েছিলেন, কেমন করে ওয়াশিংটনের সঙ্গে যোগাযোগ করা যায়। কগিন তাঁকে কলকাতার মার্কিন কনস্যুলেটে কনসাল জেনারেল অথবা পলিটিক্যাল অফিসারের সঙ্গে যোগাযোগ করতে বলেন। এরপর মোশতাক ভারতে বাংলাদেশের হাইকমিশনার এম হোসেন আলীকে একটি বৈঠকের ব্যবস্থা করতে বলেন।[৮২]

কলকাতার মার্কিন কনস্যুলেটের পলিটিক্যাল অফিসার জর্জ গ্রিফিনের সঙ্গে খন্দকার মোশতাকের কথা হয় ২৮ সেপ্টেম্বর। মোশতাকের নির্দেশে রাষ্ট্রদূত হোসেন আলীর বাড়িতে এই সাক্ষাৎকারের ব্যবস্থা হয়েছিল। ২৯ সেপ্টেম্বর কলকাতার কনস্যুলেট থেকে ওয়াশিংটনে মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর কাছে পাঠানো টেলিগ্রামে এ বিষয়ে বিস্তারিত উল্লেখ করা হয়েছিল। টেলিগ্রামের শুরুতেই একটি সারসংক্ষেপ ছিল :

বিষয় : বাংলাদেশের প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ—মোশতাকের সঙ্গে বৈঠক

সূত্র : কলকাতা ২৫৭০

সারমর্ম : কনস্যুলেট জেনারেলের পলিটিক্যাল অফিসার ২৮ সেপ্টেম্বর বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী মোশতাক আহমদের সঙ্গে ৯০ মিনিট কথা বলেছেন। পাকিস্তানকে অব্যাহত সমর্থন দেওয়ার কারণে ২৫ মার্চের

পর পূর্ব পাকিস্তানে যা ঘটেছে, তার জন্য মোশতাক যুক্তরাষ্ট্র সরকারকে সরাসরি দায়ী করেছেন। তিনি অবশ্য বলেছেন, বাংলাদেশ যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক পুনরুদ্ধার করতে চায়। তিনি আশা করেন, যুক্তরাষ্ট্র তার নিজের স্বার্থেই বাংলাদেশকে শান্তিপূর্ণ উপায়ে স্বাধীনতা পেতে ব্যবস্থা নেবে। তিনি সাবধান করে দিয়েছেন, বাংলাদেশের বামপন্থীদের কবজায় চলে যাওয়া ঠেকাতে যুক্তরাষ্ট্রের উদ্যোগ নেওয়ার সময় ফুরিয়ে আসছে।

পাকিস্তান সরকারের সঙ্গে সরাসরি কথা বলার কোনো ইচ্ছা তাঁর নেই, তবে তিনি বাংলাদেশের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রকে পাকিস্তানের সঙ্গে কথা বলতে অনুরোধ করেছেন। যত তাড়াতাড়ি সম্ভব তাঁর অনুরোধের একটি আনুষ্ঠানিক জবাব চেয়েছেন তিনি। পলিটিক্যাল অফিসারের সঙ্গে তিনি মাঝেমধ্যে সরাসরি যোগাযোগের ইচ্ছা প্রকাশ করেছেন এবং তিনি মনে করেন অন্য কোনো মাধ্যমে এই যোগাযোগ হবে না। তিনি আরও বলেছেন, অন্য কাউকে তিনি যোগাযোগ করার দায়িত্ব দেননি। তবে তিনি মনে করেন, বাংলাদেশে সদিচ্ছাসম্পন্ন আরও নেতা আছেন এবং তাঁরা 'আমেরিকান মন' বোঝার জন্য যুক্তরাষ্ট্র সরকারের সঙ্গে ভবিষ্যতে যোগাযোগ করতে পারেন। সারমর্ম সমাপ্ত।[৮৩]

হোসেন আলী মার্কিন পলিটিক্যাল অফিসার জর্জ গ্রিফিনের সঙ্গে ২৪ সেপ্টেম্বর যোগাযোগ করে ২৮ তারিখের বৈঠকের ব্যবস্থা করেছিলেন। গ্রিফিন ও মোশতাক হোসেন আলীর বাড়িতে এক ঘণ্টা একান্তে কথা বলেন এবং এরপর হোসেন আলী আলোচনায় যোগ দেন। বৈঠক আরও আধা ঘণ্টা চলে। তাঁদের আলোচনার বিষয়বস্তু নিয়ে গ্রিফিনের পাঠানো টেলিগ্রামের কিছু অংশ এখানে তুলে ধরা হলো :

পলিটিক্যাল অফিসার জানতে চান বাংলাদেশ সরকার যুক্তরাষ্ট্র সরকারের কাছে কী আশা করে? জবাবে মোশতাক বলেন, ইয়াহিয়াকে সাহায্য দেওয়া বন্ধ করুন। আমার নিরপরাধ মানুষদের হত্যা করতে সাহায্য দেওয়া বন্ধ করুন। বাস্তবিক পক্ষে আপনারা আমাদের জনগণকে চরমপন্থীদের হাতে চলে যেতে বাধ্য করছেন। আমাদের কী অপরাধ? আপনাদের অবশ্যই ইয়াহিয়াকে থামানোর জন্য চাপ দিতে হবে।...দশ লাখ লোক মারা গেছে, আরও ৯০ লাখ মানুষ পালিয়ে ভারত ও বার্মায় যেতে বাধ্য হয়েছে, যেখানে তারা অবাঞ্ছিত...আপনারা ইয়াহিয়াকে বলতে পারেন, 'আমাদের অস্ত্র ব্যবহার কোরো না।'...পলিটিক্যাল অফিসার যখন বললেন চীন থেকে পাকিস্তান অনেক অস্ত্র পেয়েছে, তখন মোশতাক বললেন, 'চীনারা বলে আপনারা পাকিস্তানকে বেশির ভাগ অস্ত্র দিয়েছেন।'

মোশতাক বলেন, তিনি কমিউনিস্ট নন, এমনকি কমিউনিস্টদের প্রতি সহানুভূতিশীলও নন। বর্তমান নীতি বজায় রেখে যুক্তরাষ্ট্র সরকার চরমপন্থীদের সাহায্য করছে এবং সব গণতান্ত্রিক অর্জন থেকে বাংলাদেশকে বঞ্চিত করছে। তিনি বলেন, ইয়াহিয়া এখন যুক্তরাষ্ট্রের ওপর নির্ভরশীল। 'যদি আপনারা চান, আপনারা তাঁকে সঠিক বিকল্প দেখাতে পারেন।'

ওই সময়ের ঘটনাবলি প্রসঙ্গে মোশতাক বলেন, বাংলাদেশ উপদেষ্টা পরিষদে কমিউনিস্টদের নিতে বাধ্য হয়েছে। প্রথম চিন্তা ছিল যুদ্ধ পরিষদ তৈরি করা, যা তিনি এবং অন্য নেতারা ঠেকিয়েছেন। এরপর তারা একটি লিবারেশন ফ্রন্ট গঠন করতে চেয়েছিল। আমি যদ্দুর পারি এটি ঠেকিয়ে রেখেছি। কিন্তু তিনি 'একটি নিম্নতম কর্মসূচি' গ্রহণে রাজি হতে বাধ্য হয়েছেন। কনসালটেটিভ কমিটি। বর্তমানে এটি নিছক একটি উপদেষ্টা পরিষদ। 'আগামী ছয় মাসে আমাদের আরও অনেক কিছু গিলতে হবে যদি আপনারা হস্তক্ষেপ না করেন।' আমরা 'আপনাদের ওপর নির্ভর করতে চাই।'

মোশতাক বলেন, তিনি যুক্তরাষ্ট্র সরকারকে বাংলাদেশ সরকারের চাওয়া ও নীতিগুলো জানাতে এবং এ ব্যাপারে যত তাড়াতাড়ি সম্ভব যুক্তরাষ্ট্রের জবাব জানতে চান। বাংলাদেশ সরকার কী চায়, তিনি তার একটি তালিকা পলিটিক্যাল অফিসারকে দিতে চান।...বাংলাদেশ সরকারের চাওয়াগুলো হলো :

ক) বাংলাদেশের পূর্ণ স্বাধীনতা;
খ) শেখ মুজিবের মুক্তি;
গ) স্বাধীনতার পর জাতীয় পুনর্গঠনে যুক্তরাষ্ট্রের কাছ থেকে দীর্ঘমেয়াদি পর্যাপ্ত অর্থনৈতিক সাহায্য এবং নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য দ্রুত মানবিক সাহায্য;
ঘ) স্বাধীনতার পর পাকিস্তানের সঙ্গে স্বাভাবিক কূটনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক স্থাপন;
ঙ) বাংলাদেশের নেতাদের কাছে দেশ ফিরিয়ে দেওয়ার পরিকল্পনার খুঁটিনাটি;
চ) প্রাথমিক পদক্ষেপগুলো নিয়ে যুক্তরাষ্ট্র সরকারের মাধ্যমে পাকিস্তান সরকারের সঙ্গে আলোচনা;
ছ) হাইকমিশনারের মাধ্যমে পলিটিক্যাল অফিসারের সঙ্গে যোগাযোগের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় হবে একমাত্র মাধ্যম।

মোশতাক বলেন, যুক্তরাষ্ট্রকে এগিয়ে আসতে হবে, না হলে রুশরা এটি করবে। মোশতাক আরও বলেন, তিনি এবং বাংলাদেশ সরকারের অন্য নেতারা চান, যুক্তরাষ্ট্র সক্রিয় ভূমিকা নিক এবং তারা সোভিয়েত-মতলব সম্পর্কে সজাগ। যদিও যুক্তরাষ্ট্রের ওপর আস্থা বর্তমানে একটু নাজুক। তিনি বলেন, যদি শান্তিপূর্ণ সমাধানে পৌঁছানো না যায়, বাংলাদেশ সরকার আবার যুদ্ধ শুরু করবে যত দিন পর্যন্ত বিজয় না আসে, তোমাদের অস্ত্র থাকলেও। এ রকম

পরিস্থিতিতে বাংলাদেশ আন্দোলন চরমপন্থার দিকে চলে যেতে পারে বলে তিনি মনে করেন। রুশরা এটি কবজা করতে চেষ্টা করছে এবং বাংলাদেশের সামনে আর কোনো বিকল্প নেই।...

মোশতাক ও পলিটিক্যাল অফিসার তাঁদের আলোচনা এবং ভবিষ্যতে যদি আরও আলোচনা হয়, তা ব্যক্তিগত ও গোপনীয় হিসেবে বিবেচিত হবে বলে একমত হন।...বাংলাদেশ সরকারের চাওয়াগুলো যদি যুক্তরাষ্ট্র পাকিস্তানকে জানাতে চায়, জানাতে পারে, যদি তারা মনে করে এতে সুফল পাওয়া যাবে।...তিনি বলেন, তিনি জানেন ওয়াশিংটন এত বড় যে মাঝেমধ্যে ছোট জিনিস (বাংলাদেশ) তার নজরে পড়ে না। কিন্তু তাঁর আশা, সাত কোটি মানুষ এবং ৫৫ হাজার বর্গমাইল এলাকায় বাংলাদেশকে উচ্চ পর্যায়ে সহানুভূতির সঙ্গে দেখা হবে।...[৮৪]

'বাংলাদেশ সরকারের পক্ষ থেকে কেবল শেখ মুজিবই কথা বলবেন', এই দাবি শোনার পর কিসিঞ্জার ধরে নেন, বাঙালিরা নিঃশর্ত স্বাধীনতা চায় এবং আলোচনা সম্ভবত এখানেই শেষ। এ প্রসঙ্গে কিসিঞ্জারের মন্তব্য ছিল, 'মুজিবকে ছেড়ে দিয়ে তাঁর সঙ্গে ইয়াহিয়া সমঝোতা করবেন, এটি ভাবাই যায় না, যদি-না ইয়াহিয়া শতকরা ১০০ ভাগ বদলে গিয়ে থাকেন।'[৮৫]

ভারত দাবি করেছিল, শেখ মুজিবের সঙ্গে পাকিস্তানকে সমঝোতায় আসতে হবে, কেননা সংখ্যাগরিষ্ঠ বাঙালির গণতান্ত্রিক ইচ্ছাকে পাশ কাটিয়ে একটি টেকসই সমাধান কীভাবে সম্ভব। পক্ষান্তরে পাকিস্তানের সামরিক জান্তা 'পূর্ব পাকিস্তান' সমস্যাকে মনে করত পাকিস্তানের অভ্যন্তরীণ বিষয় এবং ভারতের এতে নাক গলানো উচিত নয়। সমঝোতা প্রসঙ্গে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী উইলিয়াম রজার্স বলেছিলেন, ইয়াহিয়া যাকে বিশ্বাসঘাতক বলেছেন, তার সঙ্গে তিনি কীভাবে কথা বলবেন? ইন্দিরা গান্ধীর মুখ্যসচিব পি এন হাকসার জবাবে বলেছিলেন, 'গান্ধী সম্পর্কে ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল অনেক আজেবাজে কথা বলেছেন। তার পরও ব্রিটিশ সরকার গান্ধী ও নেহরুর সঙ্গে আলোচনায় বসেছেন। কিন্তু মুজিবুর রহমানের সঙ্গে কথা বলার কোনো ইচ্ছাই নেই ইয়াহিয়ার।'[৮৬]

এ সময় ভারত অস্ত্র জোগাড়ের জন্য মরিয়া হয়ে উঠেছিল। সুইজারল্যান্ড ও অস্ট্রিয়ার মধ্যবর্তী ছোট্ট দেশ লিচেনস্টেইনে অবস্থিত অস্ত্র তৈরির প্রতিষ্ঠান 'সালগাদ' ইসরায়েলের জন্য অস্ত্র তৈরি ও জোগান দিত। সালগাদের ব্যবস্থাপনা পরিচালক শ্লোমো জাবলুডোয়িচের সঙ্গে হাকসারের ১৯৬৫ সালে লন্ডনে পরিচয় হয়। হাকসারের অনুরোধে জাবলুডোয়িচ ৩ আগস্ট লন্ডনে ভারতের ডেপুটি হাইকমিশনার প্রকাশ কাউলের সঙ্গে দেখা করে ভারতে অস্ত্র সরবরাহের ব্যাপারে যথাসাধ্য চেষ্টা করবেন বলে আশ্বাস দেন। জাবলুডোয়িচ ইরান ও তুরস্কের জন্য

তৈরি অস্ত্রের চালান ভারতে পাঠিয়ে দেন। ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনীর মজুদ থেকে কিছু অস্ত্র আকাশপথে ভারতে পাঠানো হয়। ইসরায়েলের প্রধানমন্ত্রী গোল্ডা মেয়ার ইন্দিরা গান্ধীকে এক চিঠিতে জানান, ভারতের বিপদের সময় ইসরায়েল অতীতেও সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিল এবং এখনো তা করে যাচ্ছে। চিঠিতে তিনি সাহায্যের প্রতিদান হিসেবে ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ইঙ্গিত দেন। ইন্দিরা এই অনুরোধ এড়িয়ে যান।[৮৭]

এ সময় ইসরায়েল সরকার ভারতের ডানপন্থী রাজনীতিকদের সঙ্গে যোগাযোগ করে। তারা বাংলাদেশের কয়েকজন সাংসদের মাধ্যমে ইসরায়েলের কাছে সাহায্যের প্রস্তাব দেয়। এটি জানতে পেরে পররাষ্ট্রমন্ত্রীর একান্ত সচিব কামাল সিদ্দিকী সিপিএমের পত্রিকায় তথ্যটি জানিয়ে দেন। সংবাদটি ওই পত্রিকায় ছাপা হয়। এরপর ইসরায়েলি লবির তৎপরতা বন্ধ হয়ে যায়।[৮৮]

সেপ্টেম্বর-অক্টোবরে অনুষ্ঠেয় জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে বাংলাদেশের প্রবাসী সরকারের পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক আহমদের যোগ দেওয়ার কথা ছিল। সেখানে পাকিস্তানি প্রতিনিধিদের সঙ্গে তিনি যোগাযোগ তৈরি করতে পারেন এই আশঙ্কায় ডি পি ধর মোশতাককে সরিয়ে আবদুস সামাদ আজাদকে পররাষ্ট্রমন্ত্রী করার পরামর্শ দেন। এ রকম একটি গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পাওয়ার মতো জ্যেষ্ঠতা দলের মধ্যে আবদুস সামাদ আজাদের ছিল না। মস্কোপন্থী পত্রিকা *মেইনস্ট্রিম*-এর সম্পাদক নিখিল চক্রবর্তী ডি পি ধরের কাছে আজাদের নাম সুপারিশ করেছিলেন। মন্ত্রিসভায় এ রকম পরিবর্তন আনলে সরকারের মধ্যকার কোন্দল প্রকাশ হয়ে যেতে পারে, এই চিন্তা থেকে প্রধানমন্ত্রী তাজউদ্দীন কোনো ধরনের রদবদলে যাননি। তবে মোশতাক যাতে প্রতিনিধিদলের নেতা হয়ে জাতিসংঘে না যেতে পারেন, তাজউদ্দীন সেই ব্যবস্থা করেন। মোশতাক নামমাত্র পররাষ্ট্রমন্ত্রী হিসেবে থেকে যান। জাতিসংঘে বাংলাদেশ সরকারের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী।[৮৯]

সাধারণ পরিষদে পাকিস্তানি প্রতিনিধিদল পাঠানোর সময় ইয়াহিয়া কৌশলের আশ্রয় নিয়েছিলেন। তিনি সিদ্ধান্ত নেন, প্রতিনিধিদলে থাকবেন পূর্ব পাকিস্তানের বাঙালি রাজনীতিবিদেরা, যাতে বিশ্ববাসীকে বোঝানো যায় যে বাঙালিরা পাকিস্তানের অখণ্ডতার পক্ষে। ইয়াহিয়া পিডিপি নেতা এবং *দ্য পাকিস্তান অবজারভার*-এর মালিক হামিদুল হক চৌধুরীকে প্রতিনিধিদলের নেতা হতে বলেন। হামিদুল হক তাঁর স্মৃতিকথায় বলেছেন :

> প্রেসিডেন্ট ইয়াহিয়া এবং তাঁর পূর্বসূরি আইয়ুব খানের নীতির সঙ্গে আমি একমত ছিলাম না বিধায় রাজি হইনি। পরে প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়ার জন্য নুরুল আমিনকে মনোনীত করা হয়। তিনি নিজেও এ ব্যাপারে আগ্রহী

ছিলেন। কিন্তু লম্বা সফরে যাওয়ার মতো শারীরিক সামর্থ্য তাঁর ছিল না। শেষমেশ মাহমুদ আলী মনোনীত হন। তিনি আমার মতামত চাইলে আমি তাঁকে যাওয়ার পরামর্শ দিই।[৯০]

প্রতিনিধিদলে মাহমুদ আলীর সঙ্গে ছিলেন আওয়ামী লীগের সাবেক নেতা ও জাতীয় লীগের সাধারণ সম্পাদক শাহ আজিজুর রহমান এবং ১৯৬৫-৬৯ সালে পাকিস্তান জাতীয় পরিষদের মুসলিম লীগদলীয় সদস্য বেগম রাজিয়া ফয়েজ।

ডি পি ধর তাঁর সর্বশেষ কলকাতা সফরের সময় খন্দকার মোশতাককে মার্কিন সরকারের সঙ্গে গোপনে সলাপরামর্শ করার জন্য ভর্ৎসনা করেন। ধর বলেন, তিনি সব জানতে পেরেছেন। স্টেট ডিপার্টমেন্ট ওয়াশিংটনে ভারতীয় দূতাবাসকে সবকিছু বলে দিয়েছে। ধর মোশতাককে 'ট্রেইটর' (বেইমান) বলেছিলেন। বিষয়টি কাইয়ুম ২৭ নভেম্বর মার্কিন পলিটিক্যাল অফিসারের সঙ্গে দেখা করে জানিয়েছিলেন। পলিটিক্যাল অফিসারকে কাইয়ুম বলেছিলেন, গোটা মন্ত্রিপরিষদ ইন্দিরা গান্ধীর অনুরোধে দিল্লি গেছে। তিনি (কাইয়ুম) পরামর্শ দিয়েছেন, কলকাতায় আওয়ামী লীগের মধ্যে আলোচনা না করে দিল্লিতে তাঁরা যেন কোনো কিছুতে সই না দেন।[৯১]

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশ সরকারের যোগাযোগ এমন একটি সময় হচ্ছিল, যখন পাকিস্তানে রাষ্ট্রদ্রোহের অভিযোগে শেখ মুজিবের বিচার চলছে। একটি গোপন সামরিক আদালতে ৬ আগস্ট এই বিচার শুরু হয়। এই আদালতের চেয়ারম্যান ছিলেন ব্রিগেডিয়ার রহিমুদ্দীন খান। এই সংবাদ পাওয়ার পর ভারত ও প্রবাসী বাংলাদেশ সরকারের মধ্যে উৎকণ্ঠা বেড়ে যায়। ১১ আগস্ট ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সনের কাছে একটি বার্তা পাঠান। বার্তায় তিনি বলেন :

> আমরা আশঙ্কা করছি শেখ মুজিবুর রহমানকে প্রাণদণ্ড দেওয়ার অজুহাত হিসেবে তথাকথিত বিচারকে ব্যবহার করা হবে। এর ফলে পূর্ব বাংলার পরিস্থিতির অবনতি হবে এবং ভারতে জনগণ ও রাজনৈতিক দলগুলোর অনুভূতির কারণে ভারতেও এর চরম প্রতিক্রিয়া হবে। আমরা অনুরোধ করছি, এই অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতার বৃহত্তর স্বার্থে প্রেসিডেন্ট ইয়াহিয়া খান যেন একটি বাস্তব দৃষ্টিভঙ্গির পরিচয় দেন, সে জন্য আপনি তাঁর ওপর আপনার প্রভাব খাটান।[৯২]

নিক্সন ইন্দিরার এই বার্তার কোনো জবাব দেননি।[৯৩]

১৯ আগস্ট ইসলামাবাদে মার্কিন রাষ্ট্রদূত জোসেফ এস ফারল্যান্ড প্রেসিডেন্ট ইয়াহিয়ার সঙ্গে দেখা করে বলেন, শেখ মুজিবকে প্রাণদণ্ড দেওয়া ঠিক হবে না, একজন বন্ধু হিসেবে ইয়াহিয়া খানকে তিনি এই পরামর্শ দেওয়া উচিত বলে মনে

করেন। জবাবে ইয়াহিয়া বলেন, ফারল্যান্ডের আশঙ্কা অমূলক। শেখ মুজিবের জন্য এ কে ব্রোহির মতো পাকিস্তানের সবচেয়ে ঝানু উকিলকে নিয়োগ করা হয়েছে। সামরিক আদালতকে বলা হয়েছে, বিচার যেন সতর্কতার সঙ্গে ও নিরপেক্ষ হয়। তাঁর বিরুদ্ধে যে অভিযোগ, তা প্রাণদণ্ডযোগ্য অপরাধ। যদি এ রকম কোনো রায় হয়, তাহলে মুজিবের পক্ষ থেকে ক্ষমার আবেদন করা হবে এবং তিনি ওই আবেদন গ্রহণ করবেন।

ইয়াহিয়ার পরিকল্পনা হলো, ক্ষমার আবেদনটি তিনি দুই মাস ঝুলিয়ে রাখবেন এবং এর মধ্যে অসামরিক সরকার গঠিত হলে এই আবেদন তখন তাদের মাথাব্যথার কারণ হবে। তখন মুজিবের প্রাণদণ্ড কার্যকর করার আশঙ্কা নেই কিংবা থাকলেও খুব সামান্য। ইয়াহিয়া আরও বলেন, 'আমি নিশ্চিন্ত এবং আপনিও নিশ্চিন্ত থাকতে পারেন। যদিও মুজিব একজন বিশ্বাসঘাতক, তবুও আমি তাঁকে মারব না।'[৯৪]

শেখ মুজিবের গোপন বিচার নিয়ে অনেকেরই উৎকণ্ঠা ছিল। ৬ সেপ্টেম্বর পাকিস্তানের পররাষ্ট্রসচিব সুলতান খান মস্কো যান এবং সোভিয়েত ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রী আঁদ্রে গ্রোমিকোর সঙ্গে কথা বলেন। গ্রোমিকো পাকিস্তানের পরিস্থিতিতে উদ্বেগ জানিয়ে বলেন, '৮০ লাখ মানুষ উদ্বাস্তু হয়ে ভারতে গেছে। তারা তো অকারণে ঘর ছাড়েনি। জীবনের নিরাপত্তা নেই বলেই তারা দেশ ত্যাগ করেছে এবং এ সমস্যা সমাধানের ব্যাপারে পাকিস্তান কিছুই করছে না।' শেখ মুজিব প্রসঙ্গে গ্রোমিকো বলেন, 'আমরা তাঁর সম্পর্কে খুব কম জানতাম। পরে জেনেছি, তিনি একজন গুরুত্বপূর্ণ নেতা। তাঁর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হলে পরিস্থিতি আরও খারাপ হবে। তাঁকে কঠিন সাজা দিলে সোভিয়েত ইউনিয়ন এবং বিশ্ববাসী তার নিন্দা জানাবে। কূটনীতির ভাষার মারপ্যাঁচ বাদ দিয়ে আমি সোজাসুজি বলতে চাই যে এটি ঠিক হচ্ছে না এবং এ ধরনের পদক্ষেপ আপনাদের পক্ষে যাবে না।'[৯৫]

কিছুদিন পর অক্টোবরে পারসিপেলিস শহরে ইরানি রাজতন্ত্রের ২৫০০তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট পোদগর্নির সঙ্গে ইয়াহিয়ার দেখা হয়। তাঁদের কথাবার্তা ছিল এ রকম :

পোদগর্নি : আপনি শেখ মুজিবের সঙ্গে আলোচনা শুরু করছেন না কেন? যেকোনো শান্তিপ্রক্রিয়ার জন্য তিনি অপরিহার্য। আপনি যদি তাঁকে মুক্তি দেন এবং আপনার ভবিষ্যৎ পরিকল্পনায় তাঁর সমর্থন আদায় করতে পারেন, তাহলে সবকিছু ঠিক হয়ে যাবে।

ইয়াহিয়া : আমি ওই বেইমানের সঙ্গে কখনো কথা বলব না। আমি একটি পরিকল্পনা বানাচ্ছি এবং কয়েক মাসের মধ্যেই এর ফল পাওয়া যাবে।

পোদগর্নি : মি. প্রেসিডেন্ট, এমন কোনো পরিকল্পনার ওপর ভরসা করবেন না, যা বাস্তবায়িত হবে না। আপনার হাতে অঢেল সময় নেই।[৯৬]

ইয়াহিয়া দাবি করেছিলেন, মুজিবকে তিনি প্রাণদণ্ড দেওয়ার কথা কখনো ভাবেননি। পরে ভুট্টো যখন ক্ষমতায় এবং ইয়াহিয়া অন্তরীণ, তখন তিনি ডায়েরি লিখতেন। ১৯৮০ সালে মৃত্যুর আগে তিনি লিখেছিলেন, 'ভুট্টো মুজিবকে ফাঁসিতে ঝোলাতে চেয়েছিল।' একাত্তরের অক্টোবরে ইরানের রাজতন্ত্রের ২৫০০তম বার্ষিকীর অনুষ্ঠানে যোগ দিতে তেহরানে যাওয়ার সময় ভুট্টো তাঁকে (ইয়াহিয়াকে) বলেছিলেন সামরিক আদালতের কাজ বন্ধ করে মুজিবকে তাড়াতাড়ি খতম করে দিতে। ইয়াহিয়া বলেছিলেন, 'আদালতের শুনানি শেষ না হওয়া অবধি আমি কোনো সিদ্ধান্ত নিতে পারি না। সে বলল, "ইরানে আমন্ত্রিত সব রাষ্ট্রপ্রধান মুজিবকে ছেড়ে দেওয়ার জন্য আমাকে চাপ দেবে। তাই আমাকে এখনই কাজটি করতে হবে, এবং সেটি হলো তার ফাঁসি।"'[৯৭]

ইয়াহিয়া যখন ভুট্টোর কাছে ডিসেম্বরে ক্ষমতা হস্তান্তর করেন, তখন তিনি ভুট্টোকে বলেছিলেন, আদালতের শুনানি শেষ হয়েছে এবং এখন এটি আইন মন্ত্রণালয় পর্যালোচনা করছে। এ জন্য তিনি চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেননি। ইয়াহিয়া আরও দাবি করেন, 'সে (ভুট্টো) যেভাবে বলে বেড়াচ্ছে আমি নাকি মুজিবকে ফাঁসি দিতে চেয়েছিলাম, কিন্তু সে তাঁকে রক্ষা করেছে। মিথ্যা! মিথ্যা! মিথ্যা! এ ছাড়া তার মতো একজন দাগি মিথ্যাবাদীর কাছ থেকে আর কী আশা করা যায়? এটি তো মামলার কার্যক্রম, তারিখ ও সময় মিলিয়ে দেখলেই বোঝা যায়। হাস্যকর ব্যাপার হলো, সরল মুজিব তার (ভুট্টোর) কথা বিশ্বাস করেছেন যে আমি তাঁকে ফাঁসি দিতে চেয়েছিলাম এবং সে তাঁকে বাঁচিয়েছে।'[৯৮]

# শেষ দৃশ্য

বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম ও প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ভারতের প্রধানমন্ত্রীকে ১৫ অক্টোবর (১৯৭১) এক চিঠিতে বাংলাদেশকে দ্রুত স্বীকৃতি দেওয়ার আহ্বান জানান। ৭ নভেম্বর যুক্তরাষ্ট্রের এনবিসি টেলিভিশনকে দেওয়া এক সাক্ষাৎকারে ইন্দিরা গান্ধীকে প্রশ্ন করা হয়েছিল, এখনো কি রাজনৈতিক সমঝোতার পথ খোলা আছে, নাকি গেরিলাযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা অর্জনই একমাত্র পথ? জবাবে ইন্দিরা গান্ধী বলেছিলেন, 'পূর্ব বাংলার জনগণ যা চাইবে, তা-ই হবে। তারা কোন পথে যাবে তা নির্ধারণ করার অধিকার আমাদের নেই। এটি তাদের দেশ, এটি তাদের লড়াই এবং তারাই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।'[১]

১৯ অক্টোবর ফ্রান্সের *লা মঁদ* পত্রিকায় ইয়াহিয়া খানের একটি সাক্ষাৎকার ছাপা হয়। বিচারে শেখ মুজিবের মৃত্যুদণ্ড হলে প্রেসিডেন্ট তাঁর ক্ষমতাবলে মুজিবকে ক্ষমা করে দেবেন কি না এই প্রশ্নের জবাবে ইয়াহিয়া বলেন, 'আমাকে দেশের মানুষের মনোভাব জানতে হবে। জনগণ চাইলে আমি ক্ষমা করব।'[২] ৮ নভেম্বর সাপ্তাহিক *নিউজউইক*-এ প্রকাশিত আর্নল্ড ডি বোচগ্রেভকে দেওয়া সাক্ষাৎকারে ইয়াহিয়া বলেন, 'বিচারে তাঁর দণ্ড হলে কী করা হবে, তা প্রেসিডেন্টের এখতিয়ারে। এটি বড় একটি ঝামেলা। কিন্তু জাতি চাইলে আমি তাঁকে ছেড়ে দেব।'[৩] সরকারি পত্রিকা *পাকিস্তান টাইমস*-এ ইয়াহিয়ার কথার ব্যাখ্যা করে বলা হয়, প্রেসিডেন্ট আদতে মুজিবের মুক্তির কথা ভাবছেন, তবে এটি একান্তই পাকিস্তানের নিজস্ব ব্যাপার। ইয়াহিয়ার মন্তব্যে উৎসাহিত হয়ে পাকিস্তানের ৪২ জন খ্যাতনামা ব্যক্তি শেখ মুজিবের আশু মুক্তি চেয়ে যৌথ বিবৃতি দেন। বিবৃতিদাতাদের মধ্যে ছিলেন তেহরিক-ই-ইস্তিকলাল পার্টির প্রধান এয়ার মার্শাল (অব.) আসগর খান, লেনিন শান্তি পুরস্কারপ্রাপ্ত কবি ফয়েজ আহমদ ফয়েজ, পাকিস্তান সোশালিস্ট পার্টির নেতা চৌধুরী আসলাম, *পাকিস্তান টাইমস*-এর সাবেক সম্পাদক মাজহার আলী খান, পাকিস্তান ট্রেড ইউনিয়ন

ফেডারেশনের সভাপতি মির্জা মোহাম্মদ ইব্রাহিম প্রমুখ। বিবৃতিদাতাদের বেশির ভাগই ছিলেন বামপন্থী।[৪]

পরিস্থিতির দ্রুত পরিবর্তন হচ্ছিল। ইন্দিরা গান্ধী বাংলাদেশ প্রশ্নে দূতিয়ালি করার জন্য পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছুটে বেড়াচ্ছিলেন। বাংলাদেশ প্রশ্নে একটি সম্মানজনক সমাধান এবং শেখ মুজিবের মুক্তির জন্য তিনি বিশ্বনেতাদের কাছে দেনদরবার করছিলেন। এই পর্যায়ে নভেম্বরে তাঁর ওয়াশিংটন সফর ঠিক হয়। মার্কিন প্রশাসনের মনোভাবে অবশ্য কোনো পরিবর্তন লক্ষ করা যায়নি। ইন্দিরা ও মুজিবের ব্যাপারে নিক্সন ও কিসিঞ্জারের বিন্দুমাত্র আগ্রহ কিংবা শ্রদ্ধাবোধ ছিল না। ৪ নভেম্বর নিক্সন-ইন্দিরা বৈঠক হয়। বৈঠকে কিসিঞ্জার ও হাকসার উপস্থিত ছিলেন।[৫] এই বৈঠকের পর ওভাল অফিসে কিসিঞ্জারের সঙ্গে নিক্সন একান্তে আলাপ করেন। তাঁদের কথোপকথন থেকে জানা যায় :

নিক্সন : অন্যান্য দেশকে যুক্তরাষ্ট্র যে সাহায্য দেয়, ভারতকে তার চেয়ে বেশি দেওয়া হয়। তার পরও ওরা এটা স্বীকার করে না। জাহান্নামে যাক তারা।

কিসিঞ্জার : আমি রাখঢাক করে বলব না। এই বেজন্মারা আমাদের সঙ্গে চূড়ান্ত রকমের নিষ্ঠুর খেলা খেলছে। দুর্ভিক্ষ ঠেকানো, আন্তর্জাতিক ত্রাণ সরবরাহ (পূর্ব পাকিস্তানে), অসামরিক সরকার প্রতিষ্ঠা, সাধারণ ক্ষমা, একতরফা সেনা প্রত্যাহার, কী না আমরা করেছি। অস্ত্র পাঠানোও শেষ হয়ে গেছে।

নিক্সন : আওয়ামী লীগের জনপ্রিয় নেতাকে ফাঁসি না দেওয়ার ব্যাপারটি পাকিস্তানিরা মেনে নিয়েছে। তাঁর নামটা যেন কী? মুজিব? কীভাবে উচ্চারণ করো?

কিসিঞ্জার : ইয়াহিয়া বলেছে, সে বাংলাদেশের একজন নেতার সঙ্গে দেখা করতে রাজি। না না না, মুজিব নয়। মুজিবের সঙ্গে দেখা করা ইয়াহিয়ার জন্য হবে আত্মহত্যার শামিল।

নিক্সন : ইন্দিরা গান্ধীকে জানাতে হবে, ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের যদিও কোনো চুক্তি নেই, শান্তি প্রতিষ্ঠার জন্য তারা নৈতিকভাবে দায়বদ্ধ। (ইন্দিরার উদ্দেশে কর্কশ কণ্ঠে) ওল্ড বিচ!

কিসিঞ্জার : আপনাকে প্রকাশ্যে (ইন্দিরাকে) সৌজন্য দেখাতে হবে।...

নিক্সন : তারা বলেছে, তাঁকে (মুজিবকে) ফাঁসিতে ঝোলাবে না—মুজু, মুজু হ্যাঁ, তুমি তাঁর নামটা বলেছ।

কিসিঞ্জার : মুজিব।

নিক্সন : আমি শক্তভাবে (ইন্দিরার সঙ্গে) কথা বলব।[৬]

নিক্সন-ইন্দিরা দ্বিতীয় বৈঠকটি হয় ৫ নভেম্বর বিকেলে। বৈঠকের পর নিক্সন কিসিঞ্জারকে বলেন, সে (ইন্দিরা) আমাদের নিয়ে খেলছে। এই নারী আমাদের চুষে নিচ্ছে।[৭]

ইয়াহিয়া নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের একটি চাল চাললেন। তিনি নুরুল আমিনকে প্রধানমন্ত্রী এবং ভুট্টোকে উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী নিয়োগ করে একধরনের অন্তর্বর্তী অসামরিক সরকার গঠন করলেন। নুরুল আমিন ছিলেন নামমাত্র প্রধানমন্ত্রী। বাংলাদেশের জনগণ থেকে তখন তিনি পুরোপুরি বিচ্ছিন্ন।

এসএফএফের ইন্সপেক্টর জেনারেল ছিলেন মেজর জেনারেল সুজন সিং উবান। তাঁর সার্বিক পরিচালনায় সাত হাজার সদস্যের বিএলএফ গড়ে তোলা হয়েছিল। মূলত শেখ মুজিবের অনুগত ছাত্রলীগের বাছাই করা সদস্যদের নিয়ে এই বাহিনী তৈরি করা হয়। শেখ মুজিব জীবিত ফিরে আসবেন কি না, এ নিয়ে সন্দেহের দোলাচলে ছিলেন এই বাহিনীর চার নেতা—শেখ ফজলুল হক মণি, সিরাজুল আলম খান, আবদুর রাজ্জাক ও তোফায়েল আহমেদ। শেখ মুজিবের সম্ভাব্য অনুপস্থিতিতে দেশের নিয়ন্ত্রণ রাখার রাজনৈতিক ও সামরিক কৌশল হিসেবে বিএলএফকে আলাদা করে দেখা হয়েছিল। অক্টোবরের মধ্যে এই বাহিনীর জেলা ও মহকুমাগুলোয় প্রয়োজনীয় সাংগঠনিক কাঠামো দাঁড় করানো হয়। মুক্তিবাহিনীর সাধারণ সদস্যদের তুলনায় তাঁরা উন্নততর ও অপেক্ষাকৃত দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ পেয়েছিলেন। ১ অক্টোবর পূর্বাঞ্চলের অধিনায়ক শেখ ফজলুল হক মণি বিএলএফ সদস্যদের কাছে ১৮ দফা নির্দেশনামা পাঠান। নির্দেশনামায় বলা হয়, সাংগঠনিক কাজকেই অগ্রাধিকার দিতে হবে এবং কোনো অবস্থাতেই সামর্থ্যের বাইরে ঝুঁকি নেওয়া যাবে না। আরেকটি নির্দেশ ছিল, 'আগামী ১৫ দিনের মধ্যে প্রতিটি এলাকা দালাল খতম ও রাজাকার দমনের মাধ্যমে বিপদমুক্ত করতে হবে।'[৮] অক্টোবরের শেষ দিকে বিএলএফের নাম পরিবর্তন করে মুজিববাহিনী রাখা হয়।[৯]

মস্কোপন্থী কমিউনিস্ট পার্টি স্বাধীনতাকামী সব রাজনৈতিক দলের ঐক্যের ওপর জোর দিয়েছিল। আওয়ামী লীগ এ বিষয়ে কোনো গুরুত্ব দেয়নি। উপদেষ্টা পরিষদটি ছিল নামমাত্র। ১৯৭১ সালের ৪ সেপ্টেম্বর প্রকাশিত কমিউনিস্ট পার্টির মুখপত্র *মুক্তিযুদ্ধ* পত্রিকার নবম সংখ্যায় সম্পাদকীয় মন্তব্যে বলা হয়, 'দুঃখের বিষয়, কোনো কোনো দলের নেতৃত্বের অহমিকা ও বুর্জোয়াসুলভ সংকীর্ণতার জন্য জাতীয় মুক্তিফ্রন্ট গঠিত হয় নাই।'[১০]

ভারত-পাকিস্তান যুদ্ধের আশঙ্কা দিন দিন বাড়ছিল। ইয়াহিয়া চীনা সমর্থন আদায়ের জন্য তাঁর বিশেষ দূত হিসেবে ভুট্টোকে চীনে পাঠালেন। তাঁর সঙ্গে

TOP SECRET

FOR ALL TEAM, SQDN, & COMPANY LEADERS

